# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 28, 1432 Bangla, March 13, 2026, Friday, No. 72, 56th year

# H I G H L I G H T S

President Md. Shahabuddin, in his address to the 13th Parliament, has stated the spontaneous participation of the people in this election under the leadership of BNP Chairman Tarique Rahman will be a shining example in the history of democracy. (Jago FM: 13)

In the first session of the 13th National Parliament, PM and Leader of Parliament Tarique Rahman said BNP wants to establish a self-reliant Bangladesh by making every family self-reliant. (BBC: 03)

The first sitting of the 13th Parliament has adopted a condolence motion expressing profound grief over former PM & BNP Chairperson Begum Khaleda Zia and local & foreign dignitaries. (Jago FM: 13)

Leader of the Opposition in Parliament Dr Shafiqur Rahman has said the National Parliament should not become a center for personal character assassination in any way. (Jago FM: 14)

Despite the government's message that there is no fuel crisis in the country at the moment, panic among the people over fuel is still there. (BBC: 06)

The government has formally requested the US to grant a temporary waiver that would allow Bangladesh to purchase Russian oil. (DW: 10)

The United States has launched fresh trade investigations into alleged unfair trade practices by 16 major trading partners, including India, Bangladesh and China. (DW: 10)

The Appellate Division of Supreme Court has upheld the High Court's ruling in favor of govt's decision to lease the New Mooring Container Terminal at Chittagong Port to UAE--based company DP World.
(DW: 10)

Bangladesh Navy has strengthened security measures for fuel-carrying vessels operating in the country's maritime routes amid the prevailing international and regional security situation. (Jago FM: 16)

A bus of the Bangladesh Navy collided head-on with the microbus leaving at least 14 people dead near Belai Bridge on the Khulna-Mongla highway. (BBC: 09)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ২৮, বাংলা ১৪৩২, মার্চ ১৩, ২০২৬, শুক্রবার, নং- ৭২, ৫৬তম বছর**

# শিরোনাম

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন, ত্রয়োদশ জাতীয় সংসদ অধিবেশনে দেওয়া ভাষণে বলেছেন, বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে এই নির্বাচনে জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ গণতন্ত্রের ইতিহাসে উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে থাকবে। (জাগো এফএম: ১৩)

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান বলেছেন, প্রতিটি পরিবারকে স্বনির্ভর করার মধ্য দিয়ে বিএনপি স্বনির্ভর বাংলাদেশ প্রতিষ্ঠা করতে চায়। (বিবিসি: ০৩)

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া এবং দেশি-বিদেশি বিশিষ্টজনদের মৃত্যুতে শোকপ্রস্তাব গ্রহণ করা হয়েছে। (জাগো এফএম: ১৩)

সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, জাতীয় সংসদ যেন কোনোভাবেই ব্যক্তিগত চরিত্র হননের কেন্দ্রে পরিণত না হয়। (জাগো এফএম: ১৪)

সরকারের পক্ষ থেকে দেশে 'আপাতত জ্বালানি সংকট নেই' এমন বার্তা দেওয়া হলেও মানুষের মধ্যে জ্বালানি নিয়ে অস্থিরতা কাটেনি। (বিবিসি: ০৬)

বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে মার্কিন যুক্তরাষ্ট্রকে রাশিয়ার তেল কেনার জন্য একটি অস্থায়ী ছাড় দেওয়ার অনুরোধ করেছে। (ডয়েচে ভেলে: ১০)

ভারত, বাংলাদেশ, চীনসহ ১৬টি দেশের বিরুদ্ধে নিয়ম না মেনে বাণিজ্য করার অভিযোগে তদন্ত শুরু করেছে যুক্তরাষ্ট্র। (ডয়েছে ভেলে: ১০)

সংযুক্ত আরব আমিরাতভিত্তিক প্রতিষ্ঠান ডিপি ওয়ার্ল্ডকে চট্টগ্রাম বন্দরের নিউমুরিং কন্টেইনার টার্মিনাল ইজারা দেওয়ার সরকারি সিদ্ধান্তের পক্ষে হাইকোর্টের দেওয়া রায় বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। (ডয়েছে ভেলে: ১০)

আন্তর্জাতিক ও আঞ্চলিক নিরাপত্তা পরিস্থিতি বিবেচনায় নিয়ে দেশের সমুদ্রসীমা ও সমুদ্রপথে জ্বালানিবাহী জাহাজের নিরাপত্তা নিশ্চিত করতে টহল ও নজরদারি জোরদার করেছে বাংলাদেশ নৌবাহিনী। (জাগো এফএম: ১৬)

খুলনা-মোংলা মহাসড়কের বেলাই ব্রিজ সংলগ্ন এলাকায় বাংলাদেশ নৌবাহিনীর একটি বাসের সাথে মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে কমপক্ষে ১৪ জন নিহত হয়েছেন। (বিবিসি: ০৯)

# বিবিসি

## আমার রাজনীতি দেশ ও জনগণের স্বার্থের রাজনীতি : সংসদে তারেক রহমান

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন শুরুতে প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান বক্তব্য দিয়েছেন। তিনি বলেছেন, এবারই প্রথমবারের মতো বিএনপি থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন তিনি। “দলের প্রতিনিধিত্ব করলেও প্রধানমন্ত্রী হিসেবে দেশের প্রতিনিধিত্ব করছি, দেশের জনগণের প্রতিনিধিত্ব করছি। আমার রাজনীতি দেশ ও জনগণের স্বার্থের রাজনীতি।” প্রতিটি পরিবারকে স্বনির্ভর করার মধ্যদিয়ে বিএনপি স্বনির্ভর বাংলাদেশ প্রতিষ্ঠা করতে চায় উল্লেখ করে তিনি সংসদে সব দলের সদস্যদের সহযোগিতা আশা করেন। তিনি আরও বলেন যে, বিরোধী দলের সাথে তাদের মতামত ও কর্মসূচির ভিন্নতা থাকতে পারে, “কিন্তু তাবেদারমুক্ত বাংলাদেশ প্রতিষ্ঠায় আমাদের মাঝে কোনো বিরোধ নেই।” তিনি বক্তব্যে বিএনপির প্রয়াত নেত্রী ও তার মা খালেদা জিয়ার কথাও স্মরণ করেন। জুলাই অভ্যুত্থানে অংশ নেওয়া বাংলাদেশের জনসাধারণ এবং আহত ও নিহতদের পরিবারের প্রতি শ্রদ্ধা জানান। এরপর তিনি বলেন, সংসদের প্রথম অধিবেশনে রেওয়াজ অনুযায়ী, সাবেক স্পিকার ও ডেপুটি স্পিকারের উপস্থিত থাকার কথা ছিল। কিন্তু বিগত সরকারের “জনবিরোধী কর্মকাণ্ডের ফলে” বাংলাদেশে যে “জনরোষ” তৈরি হয়েছে, তারপর আর “তাদেরকে খুঁজে পাওয়া যায়নি।” সে কারণে তিনি বিএনপি নেতা ও নির্বাচিত সংসদ সদস্য খন্দকার মোশাররফ হোসেনকে সংসদ অধিবেশনে সভাপতিত্ব করার আহ্বান জানিয়ে বক্তব্য শেষ করেন।

(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ এলিনা)

## খালেদা জিয়া, আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুতে সংসদে শোক প্রকাশ

বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হচ্ছে আজ। প্রথম বৈঠকে, গত ২৫ ডিসেম্বর বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী ও মুসলিম বিশ্বের দ্বিতীয় নারী প্রধানমন্ত্রী খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করা হয়। ভারতের সাবেক প্রধানমন্ত্রী মনমোহন সিং, ক্যাথলিক খ্রিষ্টানদের প্রধান ধর্মগুরু পোপ ফ্রান্সিস জর্জ মারিও বার্গোগ্লিও এবং ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুতে সংসদ শোক ও দুঃখ প্রকাশ করা হয়। এছাড়াও, সাবেক বেশ কয়েকজন সংসদ সদস্যের মৃত্যুতেও শোক প্রস্তাবে তাদের নাম উল্লেখ করা হয়। সংসদের বিরোধী দলীয় চিফ হুইপ ও এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম আরো কয়েকটি নাম শোক প্রস্তাবে অন্তর্ভুক্ত করার আবেদন জানান, যার মধ্যে ওসমান হাদি, আবরার ফাহাদ ও ফেলানি খাতুনের নাম রয়েছে।

(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ এলিনা)

## বাংলাদেশ, ভারত, চীনসহ কয়েকটি দেশের বিরুদ্ধে বাণিজ্য তদন্ত শুরু যুক্তরাষ্ট্রের

যুক্তরাষ্ট্র তাদের বেশ কয়েকটি বড়ো বাণিজ্য অংশীদারের বিরুদ্ধে নতুন তদন্ত শুরু করেছে। এই তালিকায় আছে বাংলাদেশ ও ভারতের নামও। গত মাসে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শুল্কনীতির একটি গুরুত্বপূর্ণ অংশ বাতিল করার পর এই পদক্ষেপ নেওয়া হলো। বুধবার যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধি জেমিসন গ্রিয়ার বলেন, সেকশন ৩০১-এর অধীনে অন্যায্য বাণিজ্য চর্চা নিয়ে যে তদন্ত শুরু হয়েছে, তার ভিত্তিতে চীন, ইউরোপীয় ইউনিয়ন, ভারত, জাপান, দক্ষিণ কোরিয়া ও মেক্সিকোর মতো দেশের ওপর এই গ্রীষ্মের মধ্যেই নতুন শুল্ক আরোপ করা হতে পারে। এই তদন্তে যদি কোনো দেশের বিরুদ্ধে অন্যায্য বাণিজ্য চর্চার প্রমাণ পাওয়া যায়, তাহলে সেই দেশের পণ্যের ওপর যুক্তরাষ্ট্র আমদানি শুল্ক আরোপ করতে পারবে। গ্রিয়ার বলেন, ফেব্রুয়ারির শেষ দিকে ট্রাম্প যে অস্থায়ী শুল্ক আরোপ করেছিলেন, তা জুলাইয়ে শেষ হওয়ার কথা। এর আগেই এই বাণিজ্য তদন্ত শেষ করার আশা করছেন তিনি। তদন্তের আওতায় বাংলাদেশসহ অন্য দেশগুলোর মধ্যে রয়েছে ভিয়েতনাম, থাইল্যান্ড, মালয়েশিয়া, কম্বোডিয়া, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, সুইজারল্যান্ড ও নরওয়ে।

কয়েক সপ্তাহ আগে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট রায় দেয় যে, গত বছর এপ্রিলে বিশ্বের বিভিন্ন দেশের ওপর ট্রাম্প যে শুল্ক আরোপ করেছিলেন, তা অবৈধ। গত বছর এপ্রিলে বিশ্বের বিভিন্ন দেশের ওপর ট্রাম্প যে শুল্ক আরোপ করেছিলেন, তা অবৈধ বলে কয়েক সপ্তাহ আগে রায় দেয় যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট। রায়ের পরপরই প্রেসিডেন্ট ট্রাম্প নতুন করে ১০ শতাংশ বৈশ্বিক শুল্ক আরোপের ঘোষণা দেন। তিনি সে সময় আদালতের ওই রায়কে “ভয়াবহ” বলে মন্তব্য করেন এবং তার বাণিজ্যনীতি বাতিল করা বিচারকদের “মূর্খ” বলে সমালোচনা করেন। উচ্চ আদালত তখন রায় দিয়েছে, আন্তর্জাতিক জরুরি অর্থনৈতিক ক্ষমতা আইন “প্রেসিডেন্টকে শুল্ক আরোপের ক্ষমতা দেয় না”। রায়ে বলা হয়েছে, জাতীয় জরুরি অবস্থার জন্য সংরক্ষিত আইনকে ব্যবহার করে শুল্ক আরোপের মাধ্যমে ট্রাম্প তার কর্তৃত্বের সীমা অতিক্রম করেছেন। সংবিধান অনুযায়ী, এ ধরনের ক্ষমতা কংগ্রেসের হাতে। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি জন রবার্টস রায়ে বলেন, প্রেসিডেন্টকে শুল্ক আরোপের মতো অসাধারণ ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে কংগ্রেসের স্পষ্ট অনুমোদন দেখাতে হবে। তিনি তা করতে পারেন না।

গত বছরের এপ্রিল মাসে, বিশ্বের প্রায় প্রতিটি দেশের পণ্যের উপর ১০ শতাংশ থেকে ৫০ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপের নির্দেশ দেন ডোনাল্ড ট্রাম্প। এরপর বাংলাদেশসহ বেশ কয়েকটি দেশ যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তি করে, যেখানে ট্রাম্প নির্ধারিত শুল্কের হার কিছুটা কমিয়ে আনাসহ বাণিজ্য-সংক্রান্ত বিভিন্ন বিধিনিষেধও অন্তর্ভুক্ত রয়েছে। কিন্তু

যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের রায়ের পর, এসব চুক্তির ভবিষ্যৎ নিয়েও অনিশ্চয়তা তৈরি হয়। যদিও হোয়াইট হাউজের কর্মকর্তারা জানান, শুল্কের বিষয়টি পরিবর্তন হলেও বাণিজ্য চুক্তি বাতিল হচ্ছে না, তাই চুক্তির অধীনে যে-সব বিষয়ে সম্মতি বা যে-সব শর্ত রয়েছে, সেগুলো মেনে চলবে বলেই আশা করে ট্রাম্প প্রশাসন। অন্যদিকে, আদালতের ওই রায়ের পরপরই ট্রাম্প আবারও ১০ শতাংশ বৈশ্বিক শুল্ক আরোপ করেন। এটা ১৫ শতাংশে বাড়ানো হবে বলেও তিনি হুমকি দেন। শেষ পর্যন্ত শুল্ক যতই ধার্য করা হোক, নতুন এই তদন্তের মধ্যদিয়ে ট্রাম্প প্রশাসন তার বাণিজ্য অংশীদারদের মূলত আরও জোরালোভাবে শুল্ক আরোপের হুমকি দেওয়ার সুযোগ পাচ্ছে। এদিকে, এই সপ্তাহের শেষে প্যারিসে যুক্তরাষ্ট্র ও চীনের শীর্ষ কর্মকর্তাদের বৈঠক হওয়ার কথা রয়েছে। ধারণা করা হচ্ছে, সেই আলোচনা মার্চের শেষ দিকে বেইজিংয়ে ট্রাম্প ও চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সম্ভাব্য বৈঠকের ভিত্তি তৈরি করতে পারে।
(বিবিসি ওয়েব পেজ : ১২.০৩.২০২৬ আলী আহমেদ)

## মন্ত্রী হিসেবে শপথ নিলেন আহমেদ আযম খান

নতুন মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন বিএনপির কেন্দ্রীয় কমিটির ভাইস চেয়ারম্যান আহমেদ আযম খান। ত্রয়োদশ জাতীয় নির্বাচনে তিনি টাঙ্গাইল-৮ (বাসাইল-সখিপুর) আসন থেকে নির্বাচিত হয়েছেন। আজ বৃহস্পতিবার সংসদের প্রথম অধিবেশনের বিরতির সময় রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন তাকে শপথ পড়ান।
(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ এলিনা)

## বিএনপির স্থায়ী পদ থেকে পদত্যাগ করেছি : নবনির্বাচিত স্পিকার

নিরপেক্ষতার খাতিরে বিএনপির স্থায়ী পদ থেকে পদত্যাগ করেছেন বলে জানিয়েছেন জাতীয় সংসদের নবনির্বাচিত স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। বিরতির পর স্পিকার হিসেবে তিনি তার প্রথম অধিবেশনের বক্তব্যে বলেন, "রাজনৈতিক ও প্রশাসনিক কর্মকাণ্ডের প্রাণকেন্দ্র হবে জাতীয় সংসদ।" এসময় প্রধানমন্ত্রী তারেক রহমান স্পিকারকে বলেন, "আজ থেকে আপনারা আর কোনো দলের নয়। আপনারা এই সংসদের স্পিকার।" এরপর বিরোধী দলের প্রধান বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান তার বক্তব্যে বলেন, "আজকের এই সংসদ চব্বিশের রক্তের ওপর দাঁড়িয়ে থাকা সংসদ। এই দেশের সংসদ ও সংসদীয় রাজনীতি খুব কম সময় কার্যকর ছিল। বেশিরভাগ সময়ে এই সংসদ ছিল ডামি সংসদ। এইখানে যারা অভিভাবকের দায়িত্ব পালন করেছেন, তাদের অনেকেই সুবিচার করতে পারেনি। আপনি ইতোমধ্যে বিএনপি থেকে পদত্যাগের ঘোষণা দিয়েছেন। এখন আপনি সকলের। আমরা মনে করি, আপনার কাছে সরকারি দল ও বিরোধী দল আলাদা কিছু হবে না।"(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ এলিনা)

## চব্বিশের গণ-অভ্যুত্থান দেশের গণতন্ত্রের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ ঘটনা : রাষ্ট্রপতি

বাংলাদেশের গণতন্ত্রের ইতিহাসে ২০২৪ সালের জুলাই-আগস্ট মাসের ছাত্র-জনতার গণ-অভ্যুত্থান "একটি গুরুত্বপূর্ণ ঘটনা" বলে ত্রয়োদশ জাতীয় সংসদ অধিবেশনে দেওয়া ভাষণে উল্লেখ করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। তার ভাষণ শুরু হওয়ার সঙ্গে সঙ্গে সংসদ থেকে ওয়াক আউট করেন বিরোধী দল। রাষ্ট্রপতি বলেন, "কোটা সংস্কার আন্দোলন থেকে এক পর্যায়ে এটি ফ্যাসিবাদী আন্দোলনে রূপ নেয়। দেশের ছাত্র-জনতা, কৃষক, শ্রমিক, শিক্ষক, সাংবাদিক, বুদ্ধিজীবী, প্রবাসী মানুষ তথা সকল শ্রেণি-পেশার মানুষ গণতন্ত্রের পক্ষে রাজনৈতিক দলসহ সকলের সম্মিলিত আন্দোলনের ফলে ২০২৪ সালের ৫ আগস্ট তৎকালীন ফ্যাসিস্ট সরকারের পতন ঘটে।" হাজারো শহিদের রক্তের ওপর দিয়ে "তাঁবেদার ও ফ্যাসিবাদমুক্ত নতুন গণতান্ত্রিক বাংলাদেশের সূচনা হয়" বলে ভাষণে বলেন রাষ্ট্রপতি। "আমি ২০২৪ সালের জুলাই আগস্ট ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে শহিদ ও আহতদের এবং দীর্ঘ দেড় দশকের ফ্যাসিবাদী শাসনামলে গুম, খুন, বিচার-বহির্ভূত হত্যাকাণ্ড এবং ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে নির্যাতন ও নিপীড়নের শিকার সাধারণ মানুষ ও রাজনৈতিক দলের সদস্যদেরকে কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করছি। যাদের অসামান্য ত্যাগের মাধ্যমে বাংলাদেশ ফ্যাসিবাদমুক্ত হয়ে গণতন্ত্রের পথে যাত্রা শুরু করেছে সকলকে জানাই আমার আন্তরিক শ্রদ্ধা," বলেন মো. সাহাবুদ্দিন। তিনি মুক্তিযুদ্ধ ও চব্বিশের গণ-অভ্যুত্থানের কথা একই সাথে উচ্চারণ করে বলেছেন, "১৯৭১ সালের স্বাধীনতা অর্জনের যুদ্ধ এবং ২০২৪ সালের দেশ এবং জনগণের স্বাধীনতা রক্ষার যুদ্ধসহ এ যাবৎকালে দেশের ইতিহাসে সকল গণতান্ত্রিক আন্দোলনে শহিদদের আকাঙ্ক্ষিত বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যে সরকার কার্যক্রম অব্যাহত রেখেছে।"(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ এলিনা)

## সংসদের প্রথম দিনেই জামায়াত-এনসিপির ওয়াক আউট, আরও যা যা হলো

স্পিকারের শূন্য আসন নিয়ে অধিবেশন শুরু, প্লেকার্ড দেখিয়ে রাষ্ট্রপতির ভাষণের প্রতিবাদ এবং ভাষণ শুরুর পরপরই বিরোধী দলীয় এমপিদের ওয়াক আউট-এসব নানা ঘটনার মধ্যদিয়ে শুরু হলো বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদের যাত্রা। গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকার পতনের প্রায় ১৯ মাস পর যাত্রা করল বাংলাদেশে নতুন সংসদ। এবার ব্যতিক্রম পরিস্থিতিতে সংসদ অধিবেশন শুরুর প্রক্রিয়া, স্পিকার নির্বাচন এবং রাষ্ট্রপতির ভাষণে থাকা বিভিন্ন বিষয়ও আলোচনার জন্ম দিয়েছে। এদিন নিয়ম অনুযায়ী, সংসদের প্রথম অধিবেশনে ভাষণ দিতে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে আহ্বান জানান নবনির্বাচিত স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ। সে সময় সংসদে দাঁড়িয়ে প্ল্যাকার্ড হাতে বিক্ষোভ শুরু করেন জামায়াতে ইসলামী ও এনসিপিসহ ১১-দলীয় নির্বাচনি ঐক্যের সংসদ সদস্যরা। সংসদের শৃঙ্খলা

রক্ষায় স্পিকার বারবার আহ্বান জানালেও, প্রতিবাদ চালিয়ে যান বিরোধী দলের এমপিরা। তাদের প্রতিবাদের মধ্যেই নিজের ভাষণ চালিয়ে যান রাষ্ট্রপতি। বক্তব্যের এক পর্যায়ে নানা স্লোগান দিয়ে অধিবেশন কক্ষ থেকে বেরিয়ে যান বিরোধী দলের সংসদ সদস্যরা। অন্যদিকে রাষ্ট্রপতির বক্তব্য চলাকালে এর সমর্থনে প্রধানমন্ত্রী তারেক রহমান ও বিএনপির সংসদ সদস্যদের টেবিল চাপড়াতে দেখা যায়। বিরোধী দলের ওয়াক আউট ছাড়াও ত্রয়োদশ জাতীয় সংসদে প্রথম অধিবেশনের শুরুর দিনটি ছিল ঘটনাবহুল। সাধারণত বিদায়ি সংসদের স্পিকার অথবা ডেপুটি স্পিকারের সভাপতিত্বে নতুন সংসদের প্রথম অধিবেশন শুরু হওয়ার কথা থাকলেও, এবার এর ব্যতিক্রম হয়েছে।

আগের সংসদের স্পিকারের পদত্যাগ এবং ডেপুটি স্পিকার কারাগারে থাকায় এদিন স্পিকারের আসন ফাঁকা রেখেই শুরু হয় সংসদ অধিবেশন। পরে একজন সভাপতির মাধ্যমে স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন করা হয়। প্রথম অধিবেশন শুরুতে বক্তব্য দেন প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমান। এসময় স্বনির্ভর বাংলাদেশ প্রতিষ্ঠার প্রতিশ্রুতি জানান তিনি। মি. রহমান বলেন, "দলের প্রতিনিধিত্ব করলেও প্রধানমন্ত্রী হিসেবে দেশের প্রতিনিধিত্ব করছি, দেশের জনগণের প্রতিনিধিত্ব করছি। আমার রাজনীতি দেশ ও জনগণের স্বার্থের রাজনীতি।"

**হট্টগোলের মধ্যেই রাষ্ট্রপতির বক্তব্য**

বেলা সাড়ে ৩টার দিকে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে ভাষণ শুরু করার জন্য আমন্ত্রণ জানান স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। এ সময় জামায়াত ও জাতীয় নাগরিক পার্টি বা এনসিপিসহ বিরোধী দলের সংসদ সদস্যরা এর বিরোধিতা করে প্লেকার্ড হাতে দাঁড়িয়ে যান। এসব প্ল্যাকার্ডে বাংলা ও ইংরেজিতে লেখা ছিল- "জুলাই আন্দোলনের সাথে গাদ্দারি জনগণ সইবে না"। তীব্র প্রতিবাদের মুখেই এ সময় স্পিকার সংসদের শৃঙ্খলা বজায় রাখতে আহ্বান জানান সংসদ সদস্যদের। এ সময় প্রবেশ করেন রাষ্ট্রপতি। স্পিকার রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে ভাষণ দেওয়ার অনুরোধ করলে বিরোধী দলের সংসদ সদস্যরা আবারও চিৎকার করতে থাকেন, দাঁড়িয়ে পড়েন। স্পিকার বারবার রাষ্ট্রপতির ভাষণ শোনার অনুরোধ করেন, এক পর্যায়ে ভাষণও শুরু করেন রাষ্ট্রপতি। বিরোধী দলের হট্টগোলের মধ্যেই নিজের বক্তব্য চালিয়ে যান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। এক পর্যায়ে সংসদ থেকে বেরিয়ে যান বিরোধী দলের সংসদ সদস্যরা। প্রসঙ্গত, ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকার মো. সাহাবুদ্দিনকে রাষ্ট্রপতি নির্বাচিত করেছিল। সে কারণে সংসদে তার ভাষণের বিরোধিতা করার কথা বলা হয়েছে জামায়াত ও এনসিপির পক্ষ থেকে। সংসদে নিজের বক্তব্যে নবনির্বাচিত বিএনপি সরকারের পরিকল্পনা, জুলাই আন্দোলনে সাবেক সরকারের ভূমিকা, স্বাধীনতার ঘোষক, দুর্নীতিসহ নানা বিষয়ে বক্তব্য রাখেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। তিনি বলেন, "দীর্ঘ ফ্যাসিবাদী শাসনের অবসানের পর নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে এই সংসদের যাত্রা শুরু হয়েছে।"

বাংলাদেশের সাবেক রাষ্ট্রপতি ও বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানকে "স্বাধীনতার ঘোষক" উল্লেখ করে মুক্তিযুদ্ধসহ বাংলাদেশের সব গণতান্ত্রিক সংগ্রামে নিহত ও আহতদের স্মরণ করেন রাষ্ট্রপতি। রাষ্ট্রপতি বলেন, "দেশকে দুর্নীতিতে চ্যাম্পিয়ান বানিয়ে ২০০১ সালে ক্ষমতা ছেড়েছিল আওয়ামী লীগ। খালেদা জিয়ার নেতৃত্বাধীন সরকার দুর্নীতি দমনে কঠোর পদক্ষেপ গ্রহণ করে।" তিনি বলেন, দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে দুর্নীতি দমন কমিশন আইন-২০০৪ প্রণয়ন করা হয়, যার ফলে "বিশ্বে দুর্নীতিতে চ্যাম্পিয়ান হওয়ার কলঙ্ক থেকে মুক্তি পায় বাংলাদেশ।" "২০০৬ সালের অক্টোবর মাসে বিএনপি যখন রাষ্ট্র ক্ষমতা থেকে বিদায় নেয়, তার অনেক আগেই বিশ্বে দুর্নীতিতে চ্যাম্পিয়ানের কলঙ্ক থেকে মুক্ত হয়ে বাংলাদেশ এশিয়ার ইমার্জিং টাইগার হিসেবে স্বীকৃতি পায়," বলেও উল্লেখ করেন মি. সাহাবুদ্দিন।

**ঘটনাবহুল অধিবেশনের প্রথম দিন**

সাধারণত বিদায়ি সংসদের স্পিকার অথবা ডেপুটি স্পিকারের সভাপতিত্বে নতুন সংসদের প্রথম অধিবেশন শুরু হওয়ার কথা থাকলেও এবার এর ব্যতিক্রম হয়েছে। দ্বাদশ জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরী ২০২৪ সালের সেপ্টেম্বরে পদত্যাগ করার পর তাকে প্রকাশ্যে দেখা যায়নি। আর হত্যা মামলায় গ্রেফতার হয়ে বিদায়ি ডেপুটি স্পিকার শামসুল হক টুকু কারাগারে। এমন পরিস্থিতিতে সংসদ কক্ষে স্পিকারের আসনটি ফাঁকা রেখেই শুরু হয় অধিবেশন। পরে সংসদের সম্মতিতে প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন বিএনপির সংসদ সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন। তার সভাপতিত্বে স্পিকার হিসেবে বিএনপি নেতা ও মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদকে স্পিকার এবং ডেপুটি স্পিকার হিসেবে নির্বাচন করা হয় ভূমি প্রতিমন্ত্রী ব্যারিস্টার কায়সার কামালকে। পরে সংসদের অধিবেশন ৩০ মিনিটের জন্য মুলতবি করা হয়। এ সময় প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমানের উপস্থিতিতে স্পিকার এবং ডেপুটি স্পিকারকে শপথ পড়ান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। বিরতির পর স্পিকার হিসেবে নিজের প্রথম অধিবেশনের বক্তব্যে মি. আহমদ বলেন, "রাজনৈতিক ও প্রশাসনিক কর্মকাণ্ডের প্রাণকেন্দ্র হবে জাতীয় সংসদ"। এসময় প্রধানমন্ত্রী তারেক রহমান স্পিকারকে বলেন, "আজ থেকে আপনারা আর কোনো দলের নয়। আপনারা এই সংসদের স্পিকার।" এরপর বক্তব্য রাখেন বিরোধী দলের প্রধান বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান। স্পিকারকে উদ্দেশ্য করে তিনি বলেন, "আপনি ইতোমধ্যে বিএনপি থেকে পদত্যাগের ঘোষণা দিয়েছেন। এখন আপনি সকলের। আমরা মনে করি, আপনার কাছে সরকারি দল ও বিরোধী দল আলাদা কিছু হবে না।"

তবে বিরোধী দলীয় উপনেতা সৈয়দ আবদুল্লাহ মো. তাহের এর আগে সংসদে দাঁড়িয়ে বলেন, স্পিকার নির্বাচনের বিষয়ে আগে থেকে তাদের সঙ্গে আলোচনা হয়নি। ভবিষ্যতে যে-সব বিষয়ে আলোচনা সম্ভব, সেসব বিষয়ে যেন

তাদের সঙ্গে আলাপ করা হয়, এটা তারা আশা করবেন। এদিন সংসদে শোক প্রস্তাবের ওপর সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া এবং জুলাই অভ্যুত্থানে নিহতদের নিয়ে আলোচনা হয়। এছাড়া, ভারতের সাবেক প্রধানমন্ত্রী মনমোহন সিং, ক্যাথলিক খ্রিষ্টানদের প্রধান ধর্মগুরু পোপ ফ্রান্সিস জর্জ মারিও বার্গোগ্লিও এবং ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনির মৃত্যুতে সংসদে শোক ও দুঃখ প্রকাশ করা হয়। সাবেক বেশ কয়েকজন সংসদ সদস্যের মৃত্যুতেও শোক প্রস্তাবে তাদের নাম উল্লেখ করা হয়। জুলাই অভ্যুত্থানে নিহতদের নিয়ে আলোচনার সময় সংসদের শোক প্রস্তাবে ওসমান হাদি, আবরার ফাহাদ ও ফেলানি খাতুনের নাম অন্তর্ভুক্ত করার আবেদন জানান সংসদের বিরোধী দলীয় চিফ হুইপ ও এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম। "ফ্যাসিস্টের দোসর" কেউ যেন সংসদে বক্তব্য দিতে না পারে, সেই আহ্বানও জানান তিনি। এছাড়া, প্রথম অধিবেশনের প্রথম দিনেই অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের জারি করা ১৩৩টি অধ্যাদেশ সংসদে উত্থাপন করেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। (বিবিসি ওয়েব পেজ : ১২.০৩.২০২৬ আলী আহমেদ)

## সংসদের প্রথম অধিবেশনের সভাপতি খন্দকার মোশাররফ হোসেন

সংসদের প্রথম অধিবেশনে সভাপতিত্ব করছেন বিএনপির জ্যেষ্ঠ নেতা ও সংসদ সদস্য খন্দকার মোশাররফ হোসেন। সংসদের নতুন স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচিত না হওয়া পর্যন্ত তিনি আপাতত স্পিকারের দায়িত্ব পালন করছেন। তাকে প্রথম বৈঠকে সভাপতিত্ব করার দায়িত্ব প্রদান করায়, তিনি সকল সংসদ সদস্যের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। চতুর্থবারের মতো সরকার গঠন করা বিএনপিকে ও প্রথমবারের মতো বিরোধী দলের দায়িত্ব পালন করা বাংলাদেশ জামায়াতে ইসলামীকে অভিনন্দন জানিয়েছেন তিনি।(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ এলিনা)

## জাতীয় সংসদের স্পিকার হলেন হাফিজ উদ্দিন আহমদ

জাতীয় সংসদের স্পিকার হিসেবে নির্বাচিত হয়েছেন মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ। তিনি বিনা প্রতিদ্বন্দ্বিতায় ও কণ্ঠভোটে সর্বসম্মতিক্রমে স্পিকার নির্বাচিত হয়েছেন। আজ বেলা ১১টা ৪০ মিনিটের দিকে প্রথম অধিবেশনের সভাপতি খন্দকার মোশাররফ হোসেন এ ঘোষণা দেন। হাফিজ উদ্দিন আহমদ এবার ভোলা-৩ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। এর আগে, তিনি বিএনপি নেতৃত্বাধীন সরকারের মন্ত্রী ছিলেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ এলিনা)

## ডেপুটি স্পিকার নির্বাচিত হয়েছেন কায়সার কামাল

বাংলাদেশের জাতীয় সংসদের ডেপুটি স্পিকার পদে নির্বাচিত হয়েছেন বিএনপি নেতা কায়সার কামাল। নেত্রকোণা-১ আসন থেকে সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হয়েছেন তিনি। সংসদ অধিবেশনে সভাপতির দায়িত্বপালনকারী খন্দকার মোশাররফ হোসেন জানান, ডেপুটি স্পিকার হিসেবে মনোনয়ন জমা পড়েছিল এই একটিই। কণ্ঠভোটে কায়সার কামালকে সর্বসম্মতিক্রমে ডেপুটি স্পিকার হিসেবে নির্বাচিত ঘোষণা করেন তিনি।
(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ এলিনা)

## রাষ্ট্রপতির কাছে শপথ নিলেন স্পিকার ও ডেপুটি স্পিকার

বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদের নবনির্বাচিত স্পিকার হাফিজ উদ্দিন আহমদ এবং ডেপুটি স্পিকার পদে নির্বাচিত কায়সার কামাল জাতীয় সংসদ ভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের কাছে শপথ নিয়েছেন। তারা শপথবাক্য পড়ার সময় প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমানও সেখানে উপস্থিত ছিলেন।
(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ এলিনা)

## রাষ্ট্রপতির ভাষণের সময় বিরোধী দলের ওয়াক আউট

বাংলাদেশের জাতীয় সংসদের ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের দিন রাষ্ট্রপতির ভাষণ দেওয়ার প্রথা রয়েছে। তবে এবার রাষ্ট্রপতির ভাষণকে ঘিরে সংসদে বিরোধী দলের সংসদ সদস্যরা প্রথমে প্রতিবাদ জানান এবং পরে ওয়াক আউট করেন। বিরোধী দলের এমপিরা রাষ্ট্রপতির ভাষণের প্রতিবাদে বিশেষ প্লেকার্ডও প্রদর্শন করেন। বেলা সাড়ে ৩টার দিকে নবনির্বাচিত স্পিকার হাফিজ উদ্দিন আহমদ রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে ভাষণ শুরু করার জন্য আমন্ত্রণ জানান। এ সময় বিরোধী দলের সংসদ সদস্যরা এর বিরোধিতা করে প্লেকার্ড হাতে দাঁড়িয়ে যান। এসব প্ল্যাকার্ডে বাংলা ও ইংরেজিতে লেখা ছিল- "জুলাই আন্দোলনের সাথে গাদ্দারি জনগণ সইবে না"। তীব্র প্রতিবাদের মুখেই এ সময় স্পিকার সংসদের শৃঙ্খলা বজায় রাখতে আহ্বান জানান সংসদ সদস্যদের। এ সময় প্রবেশ করেন রাষ্ট্রপতি। স্পিকার রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে ভাষণ রাখতে অনুরোধ করলে বিরোধী দলের সংসদ সদস্যরা আবারও চিৎকার করতে থাকেন, দাঁড়িয়ে পড়েন। স্পিকার বারবার রাষ্ট্রপতির ভাষণ শোনার অনুরোধ করেন, এক পর্যায়ে ভাষণও শুরু করেন রাষ্ট্রপতি। তার ভাষণের মাঝখানেই বিরোধী দলীয় সংসদ সদস্যরা নিজেদের আসন ছেড়ে উঠে যান এবং বেরিয়ে যান সংসদ ছেড়ে। এ সময় ভাষণ দিচ্ছিলেন রাষ্ট্রপতি।(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ এলিনা)

## জ্বালানি সংকট মোকাবিলায় কী করছে বাংলাদেশ?

জ্বালানি নিতে ঢাকায় ফিলিং স্টেশনের সামনে লম্বা লাইনে যানবাহনের অপেক্ষা। কখনও লাইনে দাঁড়ানো নিয়ে বাগ্‌বিতণ্ডা, আবার কখনও চাহিদামতো জ্বালানি না পেয়ে বিশৃঙ্খল পরিস্থিতি তৈরির অভিযোগ উঠছে। সরকারের পক্ষ

থেকে 'আপাতত জ্বালানি সংকট নেই' এমন বার্তা দেওয়া হলেও অস্থিরতা কাটেনি। বরং জ্বালানি নিয়ে অনিশ্চয়তার শঙ্কায় ফিলিং স্টেশনে হুমড়ি খেয়ে পড়ছেন অনেকে। গত কয়েকদিন ধরে জ্বালানি নিয়ে ঢাকাসহ দেশের বিভিন্ন জায়গায় পরিস্থিতি অনেকটা এমনই। কেবল বাংলাদেশ নয়, ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সংঘাত শুরুর পর থেকেই জ্বালানি নিয়ে অস্থিরতা তৈরি হয়েছে গোটা বিশ্বেই। মধ্যপ্রাচ্যে চলমান সংকটের কারণে জ্বালানি নিয়ে শঙ্কা অমূলক নয় বলেই মত বিশেষজ্ঞদের। অনেকেই বলছেন, যুদ্ধ পরিস্থিতি দ্রুত স্বাভাবিক না হলে জ্বালানি নিয়ে বৈশ্বিক অস্থিরতা আরও বাড়তে পারে। এক্ষেত্রে প্রায় শতভাগ আমদানি-নির্ভর দেশ হওয়ায়, জ্বালানি নিয়ে বাংলাদেশের চিন্তাটা বেশি বলেই মনে করেন জ্বালানি বিশেষজ্ঞরা। তারা বলছেন, আগেভাগেই প্রস্তুতি না থাকলে সংকট মোকাবিলা কঠিন হতে পারে। তবে পরিস্থিতি মোকাবিলায় গত কয়েকদিনে জ্বালানি নিয়ে বেশ কিছু পদক্ষেপ নিয়েছে বাংলাদেশ। এতে সাধারণ মানুষের উদ্বেগ কতটা কমেছে, তা নিয়ে অবশ্য প্রশ্ন রয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু বলছেন, সংকট মোকাবিলায় ভারত, চীন, যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশের সাথে যোগাযোগ করা হচ্ছে। "জ্বালানি এবং বিদ্যুৎ নিয়ে মানুষের মধ্যে যে শঙ্কা তৈরি হয়েছে, তা শিগ্‌গিরই কেটে যাবে," বিবিসি বাংলাকে বলেন তিনি।

বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন বা বিপিসি বলছে, দেশেই উৎপাদন হওয়ায় পেট্রোল বা অকটেন সংকটের শঙ্কা নেই। তারপরও জ্বালানি সংকট নিয়ে উদ্‌বেগের কারণে ফিলিং স্টেশনগুলোতে ভিড় করছেন অনেকে। ডিজেল নিয়ে কিছুটা উদ্বেগ থাকায় পরিস্থিতি স্বাভাবিক করতে বিকল্প উৎসের খোঁজ চলছে বলেও জানিয়েছে প্রতিষ্ঠানটি। এদিকে, জ্বালানি তেলের সরবরাহ বাড়ানোর অনুরোধ জানিয়ে এরই মধ্যে ভারতকে চিঠি দিয়েছে বাংলাদেশ। বুধবার বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা।

**বিকল্প উৎসের খোঁজে বাংলাদেশ**

বৈশ্বিক জ্বালানি পরিবহণের গুরুত্বপূর্ণ রুট হরমুজ প্রণালি দিয়ে নৌযান চলাচলে ইরানের নিষেধাজ্ঞার পর বিশ্বব্যাপী জ্বালানি সংকট তৈরি হতে পারে বলে পূর্বাভাস দিয়েছেন জ্বালানি বিশেষজ্ঞরা। বিশ্বের বৃহত্তম তেল রপ্তানিকারক প্রতিষ্ঠান আরামকোর প্রধান নির্বাহী আমিন নাসের বলেছেন, হরমুজ প্রণালি অবরুদ্ধ থাকলে বিশ্বে "বিপর্যয়কর পরিণতি" হতে পারে। এমন প্রেক্ষাপটে সংকট মেটাতে বিকল্প উৎসের খোঁজে বাংলাদেশ। পরিস্থিতি মোকাবিলায় ভারতের কাছে আগামী চার মাসে অতিরিক্ত ৫০ হাজার মেট্রিক টন ডিজেল সরবরাহের প্রস্তাবও দিয়েছে ঢাকা। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু বলছেন, "তারা আমাদের প্রস্তাব পর্যালোচনা করে সিদ্ধান্ত নেবে বলে জানিয়েছে। এখন তো তারাও সংকটে আছে," বলেন তিনি। অবশ্য, বিপিসি ও ভারতের রাষ্ট্রায়ত্ত নুমালিগড় রিফাইনারি লিমিটেডের মধ্যে আগের একটি চুক্তির আওতায় পাঁচ হাজার টন ডিজেল বুধবার বাংলাদেশে এসেছে বলে জানিয়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন বা বিপিসি। ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের আমলে ২০১৭ সালে হওয়া ওই চুক্তি অনুসারে, ২০২৬ সালে মোট ১ লাখ ৮০ হাজার মেট্রিক টন ডিজেল আমদানি করতে পারবে বাংলাদেশ। এছাড়া দীর্ঘমেয়াদি চুক্তির আওতায় জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে চীনের সহায়তাও চেয়েছে বাংলাদেশ। সম্প্রতি ঢাকায় নিযুক্ত চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েন-এর সঙ্গে এ বিষয়ে সরকারের জ্বালানি মন্ত্রী ও প্রতিমন্ত্রীর আলোচনা হয়েছে বলেও জানা গেছে। মি. টুকু বলছেন, জ্বালানি আমদানির জন্য বিকল্প উৎসের দেশগুলোর সঙ্গে আলোচনা করছে সরকার। "যা যা করার দরকার, সবটাই করছি আমরা। আমরা স্পট পার্চেজ করছি। আমারে কাছে যে তেল আছে, তা দিয়ে আমি চালাতে পারবো, মানুষকে একটু সাশ্রয়ী হতে হবে," বিবিসি বাংলাকে বলেন তিনি। চীন এবং ভারত ছাড়াও ব্রুনেই, আফ্রিকা ও আমেরিকা থেকেও জ্বালানি তেল আনার ব্যাপারে সরকার আলোচনা চালাচ্ছে বলে জানান জ্বালানিমন্ত্রী। এদিকে, নাম প্রকাশে অনিচ্ছুক বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের এক কর্মকর্তা বিবিসি বাংলাকে জানিয়েছেন, হরমুজ প্রণালি ব্যবহার করে গড়ে ১৫ জাহাজ জ্বালানি প্রতি মাসে বাংলাদেশে আসে। "যুদ্ধ শুরুর পর চলতি মাসে এখন পর্যন্ত ছয়টি জাহাজ এসে পৌঁছেছে। বাকি জাহাজগুলো সময়মতো আসে কিনা, এটাই দেখার বিষয়। পূর্বনির্ধারিত সময়সূচি এখনও কোনো সরবরাহকারী পরিবর্তন করেনি," বলেও জানান তিনি।

**'জ্বালানি রেশনিং' কতদিন চলবে?**

"প্রায় এক ঘণ্টা লাইনে দাঁড়ানোর পর বাইকে ২৫০ টাকার তেল দিল, প্রতিদিনই এভাবে লাইনে দাঁড়াচ্ছি তেল নেওয়ার জন্য।" বিবিসি বাংলাকে এভাবেই বলছিলেন ঢাকার রামপুরা এলাকার বাসিন্দা মাহমুদুল হাসান। মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে জ্বালানি তেল ও গ্যাসের বাজারে অস্থিরতা মোকাবিলায় 'সাশ্রয়ী ব্যবহার'-এর উপর শুরু থেকেই গুরুত্ব দিয়েছে বাংলাদেশ সরকার। পরিস্থিতি সামলাতে গত ৫ মার্চ ১১ দফা নির্দেশনাও দেওয়া হয় সরকারের পক্ষ থেকে। যেখানে গাড়ির ব্যবহার সীমিত করা, আলোকসজ্জা পরিহারসহ নানা নির্দেশনা ছিল। এছাড়া, 'প্যানিক বাইং' বন্ধে যানবাহন ভেদে দৈনিক কতটুকু জ্বালানি নেওয়া যাবে, সেটিও নির্ধারণ করে দেওয়া হয়। অবশ্য, জ্বালানি রেশনিং করতে গিয়ে দেশের বেশ কিছু স্থানে তেলের নির্দিষ্ট পরিমাণ এবং লাইনে দাঁড়ানোসহ নানা কারণে বাগ্‌বিতণ্ডা এবং মারপিটের খবরও পাওয়া গেছে। এমনকি অতিরিক্ত ভিড়ের কারণে পেট্রোল পাম্পগুলোতে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়াতে পুলিশি নিরাপত্তা ও টহল জোরদারের দাবিও জানিয়েছেন ফিলিং স্টেশন মালিকরা। এদিকে, বুধবার নিজেদের সবশেষ বার্তায় বিভাগীয় পর্যায়ে তেলের সরবরাহ কিছুটা বাড়ানোর সিদ্ধান্তের কথা জানিয়েছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন বা বিপিসি। যেখানে উল্লেখ করা হয়েছে, "দেশের বিভাগীয় শহরে জ্বালানি তেল (অকটেন ও পেট্রোল)-এর গড় বিক্রয়

হতে ২৫ শতাংশ হ্রাস-এর পরিবর্তে বর্তমানে ১৫ শতাংশ হ্রাস করে ফিলিং স্টেশন প্রতি বরাদ্দ চার্ট অনুযায়ী জ্বালানি সরবরাহ করা হবে।" এছাড়া, বিদেশ থেকে আমদানিকৃত জ্বালানি তেলের পারসেল নির্ধারিত সময়ে নিয়মিতভাবেই দেশে আনা হচ্ছে বলেও জানিয়েছে বিপিসি।

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু বলছেন, জ্বালানির মজুত বৃদ্ধি এবং বিকল্প উৎস থেকে প্রাপ্তি সাপেক্ষে ধীরে ধীরে জ্বালানি রেশনিং প্রক্রিয়া শিথিল করা হবে। "রেশনিং সব দেশেই হয়, ক্রাইসিস মোমেন্টে। দাম এখনই বাড়াচ্ছি না, তবে টেম্পরারিলি দাম আমাদের বাড়াতে হবে," বিবিসি বাংলাকে বলেন তিনি। সংকট মোকাবিলায় বাংলাদেশের হাতে খুব বেশি বিকল্প নেই বলেই মনে করেন জ্বালানি বিশেষজ্ঞ ড. বদরুল ইমাম। তিনি বলছেন, "পর্যাপ্ত জ্বালানি যে-সব দেশের হাতে রয়েছে, তাদের সিদ্ধান্ত আর আমাদের সিদ্ধান্তের প্রক্রিয়া এক হবে না, অপশন কম।" "সরকারকে কিছুটা টাইট স্টেপ তো নিতেই হতো, অযাচিত কোনো পদক্ষেপ তো এখনও চোখে পড়েনি," বিবিসি বাংলাকে বলেন তিনি।

**'উদ্বেগ' গোটা বিশ্বেই**

মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতির দুই সপ্তাহ না যেতেই বিশ্ববাজারে অপরিশোধিত জ্বালানি তেলের দাম ব্যারেল প্রতি ১২০ ডলার পর্যন্ত পৌঁছায়। যদিও, মঙ্গলবার মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের যুদ্ধ "প্রায় সম্পন্ন" বলে মন্তব্য করার পর তেল ও গ্যাসের দাম হঠাৎ করেই ৯০ ডলারের নিচে নেমে আসে। বুধবার তেলের দামের আন্তর্জাতিক মানদণ্ড ব্রেন্ট ক্রুড ব্যারেল প্রতি ৮৮ ডলারের আশপাশেই রয়েছে। সব মিলিয়ে তেলের বাজারে অস্থিরতা অব্যাহত। এমন প্রেক্ষাপটে বিশ্বব্যাপী তেল বাজার স্থিতিশীল করার বিকল্প উপায় নিয়ে জি-৭ দেশগুলোর সাথে ধারাবাহিক বৈঠক শুরু করেছে আন্তর্জাতিক জ্বালানি সংস্থা, ইন্টারন্যাশনাল এনার্জি এজেন্সি বা আইইএ। জি-৭ দেশগুলো জানিয়েছে যে, বিশ্বব্যাপী জ্বালানি সরবরাহ মোকাবিলায় "প্রয়োজনীয় ব্যবস্থা" নিতে প্রস্তুত তারা। যদিও, ইরানের বিরুদ্ধে মার্কিন-ইসরায়েল যুদ্ধ গোটা বিশ্বকে জ্বালানি সংকটের দিকে নিয়ে যাচ্ছে বলে সতর্ক করেছেন বিশ্বের দ্বিতীয় বৃহত্তম তেল রপ্তানিকারক এবং প্রাকৃতিক গ্যাসের বৃহত্তম মজুদধারী দেশ রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

এদিকে, তরলীকৃত প্রাকৃতিক গ্যাস বা এলএনজির প্রধান উৎপাদক কাতার, উৎপাদন বন্ধ করে দেওয়ায় বিশ্বব্যাপী তেলের চেয়েও এলএনজির দাম দ্রুত বৃদ্ধি পাচ্ছে। ইউরোপ এবং এশিয়ার দেশগুলোতে যার প্রভাব এরই মধ্যে পড়তে শুরু করেছে। মার্চের শুরু থেকেই শিল্প কারখানায় ২০ শতাংশ গ্যাস সরবরাহ কমিয়েছে ভারত। জ্বালানির দাম ধারাবাহিকভাবে বাড়তে থাকায় স্কুল বন্ধ ঘোষণা এবং সরকারি কর্মচারীদের জ্বালানি ভাতা কমানোসহ নানা পদক্ষেপ নিয়েছে পাকিস্তানও।(বিবিসি ওয়েব পেজ : ১২.০৩.২০২৬ আলী আহমেদ)

## মধ্যপ্রাচ্যে সংঘাত শুরুর পর থেকে ১,১০০ শিশু হতাহত : ইউনিসেফ

মধ্যপ্রাচ্যে সংঘাত শুরুর পর থেকে ওই অঞ্চল জুড়ে ১,১০০-এরও বেশি শিশু নিহত বা আহত হয়েছে বলে জানিয়েছে জাতিসংঘের শিশু বিষয়ক সংস্থা ইউনিসেফ। সংস্থাটি এক বিবৃতিতে বলেছে, গত ২৮ ফেব্রুয়ারি ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের প্রথম হামলার পর থেকে ইরানে ২০০ শিশু, লেবাননে ৯১ শিশু, ইসরায়েলে চার শিশু এবং কুয়েতে একজন শিশুর নিহত হওয়ার খবর রয়েছে। বিবৃতিতে বলা হয়, শিশুদেরকে হত্যা বা আহত করা এবং তাদের জন্য প্রয়োজন, এমন জরুরি সেবা ধ্বংস করাকে কোনো যুক্তিতেই সমর্থন করা যায় না।

(বিবিসি ওয়েব পেজঃ ১২.০৩.২০২৬ এলিনা)

## প্রতি ব্যারেল তেলের দাম আবার ১০০ ডলার ছুঁয়েছে

ব্রেন্ট অপরিশোধিত তেলের দাম আবার প্রতি ব্যারেলে ১০০ ডলার ছুঁয়েছে। আজ বৃহস্পতিবার এশিয়ার লেনদেনে এর দাম প্রায় নয় শতাংশ বেড়েছে। যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যসহ বহু দেশ তাদের জরুরি মজুত থেকে রেকর্ড পরিমাণ তেল ছাড়ার ঘোষণা দিলেও, তেলের দামে এখনো স্থিতিশীলতা আসেনি। হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী জাহাজগুলোর বিরুদ্ধে হুমকি দিয়ে যাচ্ছে ইরান। বিশ্বের প্রায় এক-পঞ্চমাংশ তেল এই গুরুত্বপূর্ণ নৌপথ দিয়ে পরিবহণ করা হয়। গত সোমবারই প্রথম তেলের দাম ১১০ ডলার ছাড়িয়ে যায়। এরপর থেকে দামে বড়ো ধরনের ওঠানামা দেখা যাচ্ছে।

(বিবিসি ওয়েব পেজঃ ১২.০৩.২০২৬ এলিনা)

## ইরানের পারমাণবিক স্থাপনায় হামলার দাবি ইসরায়েলের

ইরানের 'পারমাণবিক অস্ত্র উন্নয়ন কম্পাউন্ডে' হামলার দাবি করেছে ইসরায়েল। ইসরায়েলি সামরিক বাহিনীর দাবি, তারা গত "কয়েক দিনের" হামলার মধ্যে তেহরানে একটি "পারমাণবিক অস্ত্র উন্নয়ন কম্পাউন্ডে" আঘাত হেনেছে। এদিকে, বিবিসি অ্যারিবিকের একটি খবরে বলা হয়, ইসরায়েলি গণমাধ্যমে জানানো হয়েছিল যে, ইসরায়েলি ও মার্কিন কর্মকর্তারা ইরানের পারমাণবিক স্থাপনাগুলোর ওপর "সম্ভাব্য হামলা" চালানোর সম্ভাবনা নিয়ে আলোচনা করেছেন। কান নিউজ জানিয়েছে, দুই পক্ষের আলোচনায় যে বিষয়গুলোর একটি ছিল- যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের মূল্যায়ন অনুযায়ী ফোরদো স্থাপনার ধ্বংসাবশেষের নিচে চাপা পড়ে থাকা সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত বিমান হামলায় ধ্বংস করা সম্ভব কি না। চ্যানেলটি এক ইসরায়েলি কর্মকর্তার উদ্ধৃতি দিয়ে জানায়, "পরিকল্পনাগুলো প্রস্তুত, এখন কেবল সিদ্ধান্ত নেওয়া বাকি"। অন্যদিকে, আজ ইসরায়েলি সেনাবাহিনী ঘোষণা করেছে যে, তারা ইরানের উপর "ব্যাপক আক্রমণ" শুরু

করেছে। সেনাবাহিনী টেলিগ্রাম সোশ্যাল নেটওয়ার্কে একটি পোস্টে লিখেছে যে, এই আক্রমণগুলো "সারা দেশে ইরানি শাসকগোষ্ঠীর অবকাঠামোকে লক্ষ্য করে" করা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ এলিনা)

## রোববার পর্যন্ত ত্রয়োদশ জাতীয় সংসদ অধিবেশন মুলতবি ঘোষণা

বিরোধী দলের ওয়াক আউট এবং রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের ভাষণের মধ্যদিয়েই শেষ হয়েছে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন। ভাষণ শেষ হওয়ার পর সংসদ কক্ষ ছেড়ে চলে যান রাষ্ট্রপতি। এ সময় জাতীয় সংগীত বাজানো হলে সংসদ সদস্যরা সকলে দাঁড়িয়ে শ্রদ্ধা জানান। ডিজিটাল স্ক্রিনে জাতীয় পতাকাও উত্তোলন করা হয়। পরে সংসদের নবনির্বাচিত স্পিকার হাফিজ উদ্দিন আহমদ, ১৫ মার্চ, আগামী রোববার সকাল ১টা পর্যন্ত সংসদ অধিবেশন মুলতবি ঘোষণা করেন।(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ এলিনা)

## মোংলায় বাস ও মাইক্রোবাসের সংঘর্ষে ১৪ জন নিহত : পুলিশ

বাংলাদেশের খুলনা-মোংলা মহাসড়কের বেলাই ব্রিজ সংলগ্ন এলাকায় একটি বাস ও মাইক্রোবাসের সংঘর্ষে ১৪ জন নিহত হয়েছেন। বিকেল সাড়ে ৪টার দিকে এই দুর্ঘটনা ঘটে বলে জানা গেছে। মোংলা সার্কেলের সহকারী পুলিশ সুপার মো. রেফাতুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন। মি. ইসলাম বিবিসি বাংলাকে জানিয়েছেন, "একটি নোয়াহ গাড়ি ও নৌবাহিনীর বাসের সংঘর্ষ হয়। নোয়াহ মাইক্রোবাসে থাকা ১৫ জন যাত্রীর মধ্যে ড্রাইভারসহ ১৪ জনই মারা গেছেন। আর একজন নারী খুলনা মেডিক্যালে চিকিৎসাধীন আছেন। এছাড়া, আহত আরো একজন হাসপাতালে চিকিৎসাধীন।" ইফতারির আগেই উদ্ধার কার্যক্রম শেষ হয়েছে উল্লেখ করে তিনি জানান, এখন সড়কে যানচলাচল স্বাভাবিক আছে। মোংলার একজন স্থানীয় সাংবাদিক জানান, মাইক্রোবাসটিতে একই পরিবারের সদস্যরা ছিলেন। বিয়ে বাড়ি থেকে আসা এই গাড়িটিতে থাকা বর ও কনেসহ একই পরিবারের ১৪ সদস্য নিহত হয়েছেন।
(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ এলিনা)

## ইরান যেন ক্ষমা চায়, সেই দাবি করেছে থাইল্যান্ড

থাইল্যান্ডের পতাকাবাহী একটি জাহাজ হরমুজ প্রণালিতে হামলার শিকার হওয়ার পর দেশটির সরকার ইরানের কাছে আনুষ্ঠানিক ক্ষমা প্রার্থনা দাবি করেছে। এর আগে, থাইল্যান্ডের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছিল, তারা ইরানি রাষ্ট্রদূতকে তলব করে এই হামলা এবং জাহাজের ক্ষয়ক্ষতির পরিস্থিতির বিষয়ে ব্যাখ্যা চেয়েছে। ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি) নিশ্চিত করেছে, "সতর্কবার্তা উপেক্ষা করার পর" জাহাজটিকে লক্ষ্যবস্তু করা হয়েছে। সাম্প্রতিক দিনগুলোতে ইরানি সরকারি কর্মকর্তারা জানিয়েছেন, যে-সব জাহাজ হরমুজ প্রণালি দিয়ে যাতায়াত করতে চায়, তাদের অবশ্যই ইরানের কাছ থেকে অনুমতি নিতে হবে।(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালিতে তেলবাহী ট্যাঙ্কার পাহারা দিতে এখনো প্রস্তুত নয় মার্কিন নৌবাহিনী

মার্কিন জ্বালানি মন্ত্রী ক্রিস রাইট বলেছেন, হরমুজ প্রণালি দিয়ে তেলবাহী ট্যাঙ্কারগুলোকে পাহারা দিয়ে নিয়ে যাওয়ার জন্য এখনো প্রস্তুত নয় দেশটির নৌবহর। এর আগে, সামাজিক যোগাযোগমাধ্যম এক্স-এ তিনি ঘোষণা করেছিলেন, মার্কিন নৌবাহিনী সফলভাবে একটি তেলবাহী ট্যাঙ্কারকে পাহারা দিয়ে নিয়ে গেছে। ওই খবরের পর তেলের দাম কমে গিয়েছিল। কিন্তু কয়েক মিনিটের মধ্যেই সেই পোস্টটি সরিয়ে ফেলা হয় এবং হোয়াইট হাউস নিশ্চিত করে যে, মার্কিন নৌবাহিনী হরমুজ প্রণালি দিয়ে কোনো ট্যাঙ্কার পাহারা দিয়ে নিয়ে যায়নি। এরপর এই খবরটি ছড়িয়ে পড়লে তেলের দাম আবারও বেড়ে যায়। বৃহস্পতিবার সিএনবিসিকে দেওয়া এক সাক্ষাৎকারে মি. রাইট বলেন, "এটি শীঘ্রই ঘটবে, কিন্তু এই মুহূর্তে সম্ভব নয়। আমরা প্রস্তুত নই। আমাদের সকল সামরিক শক্তি এখন ইরানের আক্রমণাত্মক সক্ষমতা এবং তাদের সামরিক সরঞ্জাম তৈরির শিল্প ধ্বংস করার দিকে মনোনিবেশ করছে।"
(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ রনি)

## বিশ্ববাজারে তেলের দাম বাড়লে যুক্তরাষ্ট্র "প্রচুর অর্থ উপার্জন" করে : ট্রাম্প

ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনির বক্তব্য যখন প্রচার হচ্ছিল, ঠিক সেই একই সময়ে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প একটি বক্তব্য দিয়েছেন। নিজের সামাজিক যোগাযোগ মাধ্যম ট্রুথ সোশালে তিনি লিখেছেন, "যুক্তরাষ্ট্র এখন বিশ্বের বৃহত্তম তেল উৎপাদনকারী দেশ, তাই তেলের দাম যখন বাড়ে, আমরা তখন অনেক টাকা আয় করি।" "তবে প্রেসিডেন্ট হিসেবে আমার কাছে এর চেয়েও বড়ো স্বার্থ এবং গুরুত্বপূর্ণ বিষয় হলো, ইরানের মতো একটি শয়তান সাম্রাজ্যকে পারমাণবিক অস্ত্র অর্জন থেকে এবং মধ্যপ্রাচ্য ও প্রকৃতপক্ষে বিশ্বকে ধ্বংস করা থেকে থামানো। কখনই আমি তা হতে দেব না," লিখেছেন ট্রাম্প।(বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ এলিনা)

## ইরাকে কিছু ড্রোন গুলি করে ভূপাতিত করেছে ব্রিটিশ বাহিনী : যুক্তরাজ্যের প্রতিরক্ষামন্ত্রী

ব্রিটিশ প্রতিরক্ষামন্ত্রী জন হিলি জানিয়েছেন, ইরাকের ইরবিলে অবস্থানরত ব্রিটিশ বাহিনী গতকাল রাতে দুইটি ড্রোন গুলি করে ভূপাতিত করেছে। ইরানের বিরুদ্ধে রাশিয়ান যুদ্ধ কৌশল ব্যবহারের অভিযোগ তুলেছেন তিনি। তবে কিছু ড্রোন লক্ষ্যবস্তুতে আঘাত হেনেছে এবং বেশ কয়েকজন মার্কিন সেনা হতাহতের খবর পাওয়া গেছে। উত্তর-পশ্চিম লন্ডনের নর্থউডে যুক্তরাজ্যের সামরিক সদর দফতর পরিদর্শনের সময় মি. হিলি এই তথ্য জানান। সেখানে তিনি মধ্যপ্রাচ্যের সবশেষ পরিস্থিতি সম্পর্কে সাংবাদিকদের অবহিত করেন। ব্রিফিংয়ে তিনি বলেন, বর্তমানে যেভাবে ড্রোন

হামলা চালানো হচ্ছে, তাতে ইরান এবং রাশিয়ার মধ্যে একটি "সুস্পষ্ট যোগসূত্র" রয়েছে। তিনি আরো বলেন, ইরানের ড্রোন হামলাগুলোর ধরণ রাশিয়ার ইউক্রেন হামলার কৌশলের সাথে মিলে যায়। "পুতিনের প্রচ্ছন্ন হাত ইরানের এই রণকৌশলের পেছনে রয়েছে, এটি বিশ্বাস করলে কেউ অবাক হবে না," বলেন তিনি। জন হিলি জানান, যুদ্ধের ফলে তেলের দাম বেড়ে যাওয়ায় বিশ্বের একমাত্র নেতা পুতিন, যিনি লাভবান হচ্ছেন। তার মতে, এর ফলে ইউক্রেনে নৃশংস যুদ্ধ চালিয়ে যাওয়ার জন্য রুশ প্রেসিডেন্ট নতুন তহবিলের জোগান পাচ্ছেন। (বিবিসি ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ রনি)

## এনএইচকে

### আইইএ-এর সদস্যরা মজুত থেকে এ যাবৎকালের সর্বোচ্চ পরিমাণ তেল ছাড়ার  বিষয়ে সম্মতি দিয়েছে

আন্তর্জাতিক জ্বালানি এজেন্সির সদস্য দেশগুলো বিশ্বব্যাপী সরবরাহ স্থিতিশীল করার জন্য মজুত থেকে রেকর্ড পরিমাণ অপরিশোধিত তেল ছাড়তে সম্মত হয়েছে। তারা বলছে, এই পরিমাণটি হবে ৪০০ মিলিয়ন ব্যারেল। ইরান সংঘাতের কারণে, ভবিষ্যত মূল্যের বিবেচনায় নির্ধারিত আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম বৃদ্ধির মধ্যে এই পদক্ষেপ নেওয়া হলো। ২০২২ সালে রাশিয়া যখন ইউক্রেন আক্রমণ করে, সেই সময়ের পর এবারই  প্রথম আইইএ-এর সদস্যরা মজুত থেকে অপরিশোধিত তেল ছাড়ার সিদ্ধান্ত নিলো।(এনএইচকে ওয়েবপেইজ: ১২.০৩.২৬ রনি)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে ডিজেল সরবরাহের অনুরোধ পরীক্ষা করছে ভারত

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল জানিয়েছেন, ডিজেল সরবরাহের জন্য বাংলাদেশের কাছ থেকে একটি অনুরোধ পেয়েছে ভারত। আজ বৃহস্পতিবার তিনি আরো জানান, নয়াদিল্লি জ্বালানি আমদানির উপর নির্ভরশীল বাংলাদেশকে সরবরাহ করার আগে ভারতের ডিজেলের প্রাপ্যতা এবং পরিশোধন ক্ষমতা বিবেচনা করে দেখবে। তিনি আরো জানান, শ্রীলঙ্কা ও মালদ্বীপসহ অন্য কয়েকটি দেশ থেকে পেট্রোলিয়াম পণ্যের অনুরোধও পরীক্ষা করে দেখছে ভারত। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ রুবাইয়া)

### নিউমুরিং টার্মিনাল ইজারা; হাইকোর্টের দেওয়া রায় সুপ্রিম কোর্টে বহাল

সংযুক্ত আরব আমিরাতভিত্তিক প্রতিষ্ঠান ডিপি ওয়ার্ল্ডকে চট্টগ্রাম বন্দরের নিউমুরিং কন্টেইনার টার্মিনাল ইজারা দেওয়ার সরকারি সিদ্ধান্তের পক্ষে হাইকোর্টের দেওয়া রায় বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টারের খবরে বলা হয়, প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীর নেতৃত্বে আপিল বিভাগের চার সদস্যের একটি বেঞ্চ হাইকোর্টের রায়ের বিরুদ্ধে করা 'লিভ টু আপিল' আবেদনটি আজ বৃহস্পতিবার খারিজ করে দেন। 'বাংলাদেশ যুব অর্থনীতিবিদ ফোরাম' নামে একটি সংগঠন হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ করে গত ফেব্রুয়ারিতে আপিল বিভাগে এই লিভ টু আপিল আবেদনটি জমা দিয়েছিল। আবেদনে সংগঠনটি ডিপি ওয়ার্ল্ডকে এনসিটি পরিচালনার চুক্তি প্রদানের প্রক্রিয়ার ওপর স্থিতাবস্থা বজায় রাখার নির্দেশ চেয়েছিল। সংগঠনটির যুক্তি ছিল, নির্বাচনের মাত্র এক সপ্তাহ আগে এনসিটি সংক্রান্ত এই চুক্তি সম্পাদনের উদ্যোগ সরকারের সুস্পষ্ট প্রশাসনিক ক্ষমতার অপব্যবহার, স্বেচ্ছাচারিতা এবং অসৎ উদ্দেশ্যে ক্ষমতার প্রয়োগের শামিল। গত ২৯ জানুয়ারি আপিল বিভাগের চেম্বার বিচারপতি মো. রেজাউল হক এই আবেদনের ওপর 'নো অর্ডার' দিয়েছিলেন। একই দিন সকালে ডিপি ওয়ার্ল্ডকে এনসিটির কনটেইনার হ্যান্ডলিংয়ের কাজ দেওয়ার বৈধতা চ্যালেঞ্জ করে সংগঠনটির দায়ের করা রিট আবেদনটি খারিজ করে দিয়েছিলেন হাইকোর্ট। শুনানিতে বাংলাদেশ যুব অর্থনীতিবিদ ফোরামের পক্ষে আইনজীবী আহসানুল করিম, সৈয়দ মামুন মাহবুব ও মো. আনোয়ার হোসেন উপস্থিত ছিলেন। অন্যদিকে, রাষ্ট্রপক্ষে শুনানি করেন অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল অনীক আর হক। অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল অনীক আর হক দ্য ডেইলি স্টারকে জানান, সর্বোচ্চ আদালতের আদেশের পর চট্টগ্রাম বন্দরের নিউমুরিং কন্টেইনার টার্মিনাল (এনসিটি) সংযুক্ত আরব আমিরাত-ভিত্তিক ডিপি ওয়ার্ল্ডকে ইজারা দেওয়ার ক্ষেত্রে সরকারের আর কোনো আইনি বাধা নেই। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ রুবাইয়া)

### ভারত, বাংলাদেশসহ ১৬ দেশের বিরুদ্ধে আমেরিকার বাণিজ্য তদন্ত

ভারত, বাংলাদেশ, চীনসহ ১৬টি দেশের বিরুদ্ধে নিয়ম না মেনে বাণিজ্য করার অভিযোগে তদন্ত শুরু করলো যুক্তরাষ্ট্র। মার্কিন বাণিজ্য প্রতিনিধি জেমিসন গ্রির জানিয়েছেন, ভারত, বাংলাদেশ, চীন, ইইউ, জাপান, দক্ষিণ কোরিয়া, মেক্সিকো, তাইওয়ান, ভিয়েতনাম, থাইল্যান্ড, মালয়েশিয়া, কম্বোডিয়া, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, সুইজারল্যান্ডের বিরুদ্ধে এই তদন্ত শুরু হয়েছে। গ্রির জানিয়েছেন, যুক্তরাষ্ট্রের ১৯৭৪ সালের বাণিজ্য আইনের ৩০১ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী এই তদন্ত হচ্ছে। তদন্তে যদি অন্যায় বা অন্যায্যভাবে বাণিজ্য করার বিষয় ধরা পড়ে, তাহলে ওইসব দেশের বিরুদ্ধে নতুন করে আমদানি শুল্ক আরোপ করা হবে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চাপানো শুল্ক সুপ্রিম কোর্ট খারিজ করে দেওয়ার পর, এই তদন্ত শুরু করলো আমেরিকা। গির বলেছেন,  ১৬টি দেশের বিরুদ্ধে অভিযোগ হলো- তারা তাদের অভ্যন্তরীণ উৎপাদন ক্ষমতা এমনভাবে বৃদ্ধি করেছে, যা তাদের অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক চাহিদার সঙ্গে একেবারেই মেলে না। কিছু দেশ রাষ্ট্রায়ত্ত সংস্থাকে দিয়ে কম দামে পণ্য আন্তর্জাতিক বাজারে ছড়িয়ে দিচ্ছে। গ্রির বলেছেন, যে-সব পণ্য তৈরির ক্ষেত্রে শ্রমিকদের জোর করে কাজ করানোর অভিযোগ রয়েছে, সে সব পণ্য আমেরিকায় নিষিদ্ধ করার জন্য

আরেকটি তদন্ত করা হবে। তারা ইতোমধ্যেই চীনের সোলার প্যানেল ও অন্য জিনিস নিয়ে কড়া ব্যবস্থা নিয়েছেন। কারণ, ওইসব জিনিসের ক্ষেত্রে উইঘুরদের দিয়ে জোর করে কাজ করানোর অভিযোগ রয়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ রুবাইয়া)

## রাশিয়ার তেল কেনার অনুমতি চাইলো বাংলাদেশ

আমেরিকার কাছ থেকে রাশিয়ার তেল কেনার অনুমতি চাইলো বাংলাদেশ। ভারতের নজির তুলে ধরে বাংলাদেশের যুক্তি, ভারতকে এই ছাড় দেওয়া হলে বাংলাদেশকেও দেওয়া উচিত। যুক্তরাষ্ট্রের কাছে আনুষ্ঠানিকভাবে অনুরোধ জানিয়েছে সরকার। অর্থ ও পরিকল্পনা মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী জানিয়েছেন, যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের সঙ্গে আলোচনার সময় বিষয়টি তোলা হয়। সেখানে জ্বালানি সহযোগিতা, বিনিয়োগ ও বাণিজ্যসহ আরো নানা বিষয়ে বিস্তৃত আলোচনা হয়েছে। বুধবার যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ব্রেন্ট টি ক্রিস্টেনসেনের সঙ্গে বৈঠকের পর অর্থমন্ত্রী সাংবাদিকদের বলেন, "ভারতকে ইতোমধ্যেই রাশিয়ার তেল কেনার জন্য অস্থায়ী ছাড় দেওয়া হয়েছে। আমরা বলেছি, যদি ভারতের জন্য এমন সুযোগ থাকে, তাহলে বাংলাদেশেরও সেই সুযোগ পাওয়া উচিত।" তিনি জানান, এই অনুরোধ ইতোমধ্যেই ওয়াশিংটনের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পৌঁছে দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, "আমাদের অর্থনীতির জন্য শক্তিশালী সমর্থন প্রয়োজন। তারা বলেছে, অনুরোধটি ওয়াশিংটনে পাঠানো হবে, দেখা যাক কী হয়।"
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ রুবাইয়া)

## ঢাবি অধ্যাপক জামাল উদ্দীন গ্রেফতার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক আবুল কাশেম মোহাম্মদ জামাল উদ্দীনকে সন্ত্রাসবিরোধী আইনের মামলায় গ্রেফতার করেছে পুলিশ। পল্টন থানার উপ-পরিদর্শক (তদন্ত কর্মকর্তা) মেহেদী হাসান সিয়াম ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার দ্য ডেইলি স্টারকে জানিয়েছেন, সন্ত্রাসবিরোধী আইনে গ্রেফতারের পর জামাল উদ্দীনকে আদালতে হাজির করা হয়েছে। তিনি আরও বলেন, গুলিস্তান স্টেডিয়াম এলাকায় আওয়ামী লীগ আয়োজিত একটি মিছিলে অংশ নিতে এলে পুলিশ তাকে গ্রেফতার করে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ রুবাইয়া)

## হট্টগোল ও ওয়াক আউট দিয়ে শেষ প্রথম দিনের সংসদ অধিবেশন

আজ বৃহস্পতিবার বেলা ১১টা ৫ মিনিটে পবিত্র কোরআন তিলাওয়াতের মধ্যদিয়ে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন শুরু হয়। সাধারণত বিদায়ি সংসদের স্পিকার বা ডেপুটি স্পিকারের সভাপতিত্বে নতুন সংসদের প্রথম অধিবেশন শুরু হয়। নতুন স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন হয় তার সভাপতিত্বে। তবে দ্বাদশ সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরী ২০২৪ সালের সেপ্টেম্বরে পদত্যাগ করার পর তাকে প্রকাশ্যে দেখা যায়নি। হত্যা মামলায় গ্রেফতার হয়ে বিদায়ি ডেপুটি স্পিকার শামসুল হক (টুকু) কারাগারে। এমন পরিস্থিতিতে সংসদ কক্ষে স্পিকারের আসনটি ফাঁকা রেখেই শুরু হয় অধিবেশন। পবিত্র কোরআন তিলাওয়াতের পর বেলা সোয়া ১১টার দিকে বক্তব্য শুরু করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি ১৯৭১ সাল থেকে শুরু করে এ পর্যন্ত আন্দোলন-সংগ্রামে সব শহিদদের প্রতি শ্রদ্ধা জানান। এ সময় তিনি খালেদা জিয়া এবং সাবেক প্রেসিডেন্ট জিয়াউর রহমানের প্রতিও গভীর শ্রদ্ধা জানান। পরে সংসদ অধিবেশনে সভাপতিত্ব করার জন্য তিনি বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও জ্যেষ্ঠ সংসদ সদস্য খন্দকার মোশাররফ হোসেনের নাম প্রস্তাব করেন। এতে পূর্ণ সমর্থন জানান বিএনপির মহাসচিব, স্থানীয় সরকারমন্ত্রী ও সংসদ সদস্য মির্জা ফখরুল ইসলাম আলমগীর। অধিবেশনে সভাপতিত্ব করার সুযোগ পেয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান ও সব সংসদ সদস্যদের প্রতি কৃতজ্ঞতা জানান খন্দকার মোশাররফ হোসেন। তারপর জাতীয় সংসদে স্পিকার পদে নির্বাচনের জন্য একটিমাত্র মনোনয়ন পেয়েছেন বলে জানান সভাপতি খন্দকার মোশাররফ হোসেন। তিনি হলেন- বিএনপির স্থায়ী কমিটির সদস্য, মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী ও সংসদ সদস্য (ভোলা-৩) মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ। তিনি এই দায়িত্ব পালনে সম্মত আছেন বলে জানান সভাপতি। তিনি প্রস্তাব উত্থাপনের জন্য সংসদ সদস্য ও চিফ হুইপ নুরুল ইসলামের প্রতি আহ্বান জানান। তিনি প্রস্তাব উত্থাপন করেন। প্রস্তাব সমর্থন করেন হুইপ রকিবুল ইসলাম।

দুপুর ১২টার পরে স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদকে শপথ পড়ান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। জাতীয় সংসদে রাষ্ট্রপতির কার্যালয়ে এই শপথ পড়ানো হয়। তারপর ডেপুটি স্পিকার কায়সার কামালকেও শপথ পড়ান রাষ্ট্রপতি। তারপর মন্ত্রিসভার নতুন সদস্যের নাম ঘোষণা করেন মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি। নতুন মন্ত্রী হিসেবে শপথ নেন টাঙ্গাইল-৮ আসনের সংসদ সদস্য আহমেদ আযম খান। তাকে শপথ পড়ান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। বেলা পৌনে ১টার দিকে এই আনুষ্ঠানিকতা শেষ হয়। ১টার দিকে স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ জোহরের নামাজের জন্য সংসদ অধিবেশনে ২০ মিনিট বিরতি ঘোষণা করেন। কারিগরি ত্রুটির জন্য সংসদের মাইক ঠিকভাবে কাজ না করায় হ্যান্ডমাইকে তিনি এ ঘোষণা দেন। নামাজের বিরতি শেষে বেলা দেড়টার একটু পরে সংসদ অধিবেশন শুরু হয়। স্পিকার হাফিজ উদ্দিন বলেন, বাংলাদেশের জনগণ গণতন্ত্রের অতন্দ্র প্রহরী। আর এই সংসদ গণতন্ত্রের প্রতীক। তিনি মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ করেন। স্পিকার বলেন, বিভিন্ন সময় স্বৈরশাসকের আগমন ঘটেছে। বাংলাদেশের জনগণ লড়াই করেছে। জুলাই গণ-অভ্যুত্থানে ফ্যাসিস্ট জনগণকে বিদায় দেওয়া হয়েছে। এই অভ্যুত্থানে যারা শহিদ হয়েছেন, তাদের প্রতি তিনি শ্রদ্ধা জানান। স্পিকার আরো বলেন, জনগণ সংসদের কার্যক্রম দেখতে অধীর আগ্রহে অপেক্ষা করছে। সরকার ও বিরোধী দল উভয়পক্ষ জাতীয় স্বার্থে একসঙ্গে কাজ করবে বলে আশা করেন স্পিকার।

নিরপেক্ষতার জন্য বিএনপির স্থায়ী কমিটির সদস্যপদ থেকে পদত্যাগ করেছেন বলেও জানান স্পিকার। তিনি বলেন, সবার আগে বাংলাদেশ, এই হোক আমাদের মূলমন্ত্র।

**দেশের মানুষ এই সংসদের দিকে প্রত্যাশা নিয়ে তাকিয়ে আছে: সংসদে প্রধানমন্ত্রী**

স্পিকারের বক্তব্যের পর শুভেচ্ছা বক্তব্য দেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, আজকের এই সংসদ, বাংলাদেশের জনগণের সংসদ। দেশের মানুষ এই সংসদের দিকে প্রত্যাশা নিয়ে তাকিয়ে আছে।

**আপনি লড়াকু মুক্তিযোদ্ধা, আপনি পারবেন : স্পিকারকে বিরোধী নেতা**

বিরোধী দলের নেতা জামায়াতের আমির শফিকুর রহমান স্পিকার ও ডেপুটি স্পিকারকে অভিনন্দন জানান। স্পিকারকে উদ্দেশ্য করে তিনি বলেন, আপনি একজন লড়াকু মুক্তিযোদ্ধা, আপনি পারবেন। তারপর সংসদে শোকপ্রস্তাব আনা হয় সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া, ভারতের সাবেক প্রধানমন্ত্রী মনমোহন সিং, পোপ ফ্রান্সিস, ইরানের সাবেক সর্বোচ্চ ধর্মীয় নেতা ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির প্রতি। এ ছাড়া, সাবেক রাষ্ট্রপতি বদরুদ্দোজা চৌধুরী, মতিয়া চৌধুরীসহ ৩১ জন সাবেক সংসদ সদস্যের প্রতি শোকপ্রস্তাব আনা হয়। এ সময় চিফ হুইপ বিএনপি দলীয় সংসদ সদস্য নূরুল ইসলাম মতিউর রহমান নিজামী, দেলাওয়ার হোসাইন সাঈদী ও আলী আহসান মোহাম্মাদ মুজাহিদের নাম শোক প্রস্তাবে আনার কথা বলেন। পরে বিরোধীদলীয় উপনেতা জামায়াতের নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মুহাম্মদ তাহের বলেন, শোক প্রস্তাবটি একপেশে। তিনি মতিউর রহমান নিজামী, দেলাওয়ার হোসাইন সাঈদী, মুহাম্মদ কামারুজ্জামান, শরিফ ওসমান হাদিসহ বিভিন্ন নেতাদের নাম শোক প্রস্তাবে অন্তর্ভুক্ত করার কথা বলেন। স্পিকার বলেন, নামগুলো অন্তর্ভুক্ত করা হবে। তারপর শরিফ ওসমান বিন হাদি, আবরার ফাহাদ, ফেলানী খাতুনের নাম শোক প্রস্তাবে অন্তর্ভুক্ত করার কথা বলেন বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম।

**আজ খালেদা জিয়া সংসদে থাকলে সবচেয়ে খুশি হতেন : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী ও কক্সবাজার-১ আসনের সংসদ সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া আজ সংসদে থাকলে সবচেয়ে বেশি খুশি হতেন। তিনি বলেন, আজকে সেই গণতন্ত্রের মা আমাদের মাঝে নেই। তবে তিনি মানুষের মাঝে আছেন। গণতন্ত্রের অনুপ্রেরণা হিসেবে তিনি জীবিত থাকবেন। সালাহউদ্দিন আহমদের পর খালেদা জিয়ার শোক প্রস্তাব নিয়ে আলোচনা করেন সংসদ সদস্য ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর, সংসদ সদস্য আন্দালিব রহমান পার্থ, সংসদ সদস্য ও বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম।

**জুলাই যোদ্ধাদের নিয়ে আলোচনা, এক মিনিট নীরবতা**

শোক প্রস্তাবের ওপর সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে নিয়ে আলোচনা হয়। এরপর শহিদ জুলাই যোদ্ধাদের নিয়ে আলোচনা হয়। শোক প্রস্তাবে জুলাই যোদ্ধাদের নিয়ে আলোচনা করেন সংসদ সদস্য গয়েশ্বর চন্দ্র রায়, নাহিদ ইসলাম, জোনায়েদ সাকি ও শহীদউদ্দিন চৌধুরী অ্যানি। আলোচনার পর সংসদ সদস্যরা দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করেন।

**শোক প্রস্তাব গৃহীত**

তারপর খালেদা জিয়া ও জুলাই যোদ্ধাদের শোক প্রস্তাব নিয়ে আলোচনার পর শোক প্রস্তাব গৃহীত হলো বলে ঘোষণা দেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ।

**হট্টগোলের মধ্যে রাষ্ট্রপতির ভাষণ**

অধিবেশনের এই পর্যায়ে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনকে ভাষণ দেওয়ার জন্য অনুরোধ জানান স্পিকার হাফিজ উদ্দিন। এ সময় বিরোধী দল জামায়াতের সংসদ সদস্যরা দাঁড়িয়ে প্রতিবাদ জানান। তাদের হাতে প্ল্যাকার্ড দেখা যায়। প্ল্যাকার্ডে ‘জুলাই নিয়ে গাদ্দারি চলবে না', ‘জুলাইয়ের সঙ্গে বিশ্বাসঘাতকতা বন্ধ কর'-সহ বিভিন্ন স্লোগান লেখা রয়েছে। স্পিকার এ সময় সবাইকে শান্ত থাকতে আহ্বান জানান। রাষ্ট্রপতি এর মধ্যে দিয়েই সংসদের অধিবেশনে ঢোকেন। তিনি স্পিকারের পাশে বসেন। সংসদে হইচই করতে থাকেন বিরোধী দল জামায়াতের সংসদ সদস্যরা। এর মধ্যেই বক্তব্য শুরু করেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। তার বক্তব্য চলাকালে প্রধানমন্ত্রী ও বিএনপির সংসদ সদস্যদের টেবিল চাপড়াতে দেখা যায়। বিরোধী দলের সংসদ সদস্যরা ওয়াক আউট করেন।

**গণ-অভ্যুত্থানের মধ্যদিয়ে ফ্যাসিবাদী সরকারের পতন ঘটেছে : সংসদে রাষ্ট্রপতি**

নিজের বক্তব্যে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বলেন, গণ-অভ্যুত্থানের মধ্যদিয়ে ফ্যাসিবাদী সরকারের পতন ঘটেছে। তিনি জুলাই গণ-অভ্যুত্থান ও জুলাই শহিদদের স্মরণে নেওয়া অন্তর্বর্তী সরকারের কার্যক্রম তুলে ধরেন। বর্তমান সরকারের বিভিন্ন কার্যক্রমের কথাও তুলে ধরেন। রাষ্ট্রপতি মধ্যপ্রাচ্য যুদ্ধ পরিস্থিতির কথা তুলে ধরেন। তিনি দেশের অর্থনৈতিক অবস্থা নিয়ে কথা বলেন। মূল্যস্ফীতি ও বৈদেশিক মুদ্রার রিজার্ভের বিষয়ে তথ্য জানান। কৃষি, অর্থনীতির ক্ষেত্রে বর্তমান সরকার জনকল্যাণমূলক পদক্ষেপ নেবে বলে আশা করেন রাষ্ট্রপতি। রাষ্ট্রপতি বলেন, ‘বর্তমান সরকার করবো কাজ, গড়বো দেশ, সবার আগে বাংলাদেশ’ নীতি নিয়ে কাজ করছে। দুর্নীতি দমন ও আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ বর্তমান সরকারের প্রধান অগ্রাধিকার হবে বলেন রাষ্ট্রপতি। নারীর উন্নয়নকে গুরুত্ব দিয়ে বর্তমান সরকার দেশের প্রতিটি পরিবারকে ফ্যামিলি কার্ড দেওয়ার ব্যবস্থা সরকার করেছে বলেন রাষ্ট্রপতি। তিনি দারিদ্র্য বিমোচন, সামাজিক সুরক্ষায়

সরকারের নেওয়া বিভিন্ন পদক্ষেপ তুলে ধরেন। নারীদের জন্য স্নাতকোত্তর পর্যন্ত অবৈতনিক পড়াশোনা ও ক্ষুদ্র ঋণ কর্মসূচি সরকার নিয়েছে, বলেন রাষ্ট্রপতি। প্রতিবছর ৫ কোটি বৃক্ষরোপণের কাজ শুরু হয়েছে বলে জানান তিনি। সামাজিক, প্রযুক্তি, অর্থনৈতিক, আইন-শৃঙ্খলা বিভিন্ন ক্ষেত্রে সরকারের নেওয়া নানা পদক্ষেপের কথা তুলে ধরেন রাষ্ট্রপতি। ভাষণ শেষে তিনি সংসদ অধিবেশন ছেড়ে যান। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১২.০৩.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### দেশে আবারও সংসদীয় রাজনীতির সূচনা হলো : তারেক রহমান

স্পিকারের চেয়ার শূন্য রেখেই ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনটি শুরু হয়েছে। শুরুতেই সংখ্যাগরিষ্ঠ দল হিসেবে বিএনপির সিদ্ধান্ত অনুযায়ী, সংসদ নেতা প্রধানমন্ত্রী তারেক রহমান স্বাগত বক্তব্য দেন। বক্তব্যে তিনি গণ-অভ্যুত্থানের জড়িতদের প্রতি কৃতজ্ঞতা জানান। তারেক রহমান বলেন, দেশে আবারও সংসদীয় রাজনীতির সূচনা হলো, আলহামদুলিল্লাহ। এসময় তিনি পাঁচবারের সংসদ সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেনকে সংসদে সভাপতিত্ব করার প্রস্তাব রাখেন। এসময় সংসদ সদস্য মির্জা ফখরুল ইসলাম আলমগীর এ প্রস্তাবে সমর্থন জানান। বিরোধী দলের পক্ষ থেকে বিরোধীদলীয় উপনেতা সংসদ সদস্য ডা. সৈয়দ আব্দুল্লাহ মোহাম্মদ তাহেরও এ প্রস্তাবে সমর্থন জানান। তবে প্রধানমন্ত্রীকে উদ্দেশ্য করে তিনি সংসদে বলেন, একজন সর্বজন শ্রদ্ধেয় ব্যক্তিকে সংসদে সভাপতি করার আগে সরকারি দল বিরোধী দলের সঙ্গে আলাপ করতে পারতো। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ আসাদ)

### খালেদা জিয়াসহ দেশি-বিদেশি বিশিষ্টজনদের মৃত্যুতে সংসদে শোক প্রস্তাব

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়া এবং দেশি-বিদেশি বিশিষ্টজনদের মৃত্যুতে শোক প্রস্তাব গ্রহণ করা হয়েছে। বৃহস্পতিবার অধিবেশনের শুরুতেই বর্তমান রাষ্ট্রপতি বা স্পিকারের পক্ষ থেকে এ শোক প্রস্তাব উত্থাপন করা হয়। শোক প্রস্তাব উত্থাপনকালে বলা হয়, ২০২৫ সালের ৩০ ডিসেম্বর আমরা হারিয়েছি তিনবারের সাবেক প্রধানমন্ত্রী এবং গণতন্ত্রের আপোশহীন নেত্রী খালেদা জিয়াকে। মুসলিম বিশ্বের দ্বিতীয় নারী প্রধানমন্ত্রী এবং জাতীয় সংসদের সাবেক বিরোধীদলীয় নেতা হিসেবে দেশের গণতন্ত্র রক্ষায় তার অবদান চিরস্মরণীয়। সংসদ তার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করছে। বাংলাদেশি নেতাদের পাশাপাশি, আন্তর্জাতিক অঙ্গনের বেশ কয়েকজন প্রভাবশালী নেতার মৃত্যুতে শোক প্রকাশ করেছে সংসদ। এ তালিকায় রয়েছেন, ভারতের সাবেক প্রধানমন্ত্রী মনমোহন সিং, ক্যাথলিক খ্রিষ্টানদের প্রধান ধর্মগুরু পোপ ফ্রান্সিস এবং ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি। অধিবেশনে, সাবেক রাষ্ট্রপতি ও বিকল্প ধারা বাংলাদেশের সাবেক সভাপতি ডা. এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরীসহ মোট ৩১ জন সাবেক সংসদ সদস্যের মৃত্যুতে শোক প্রস্তাব আনা হয়। তাদের জীবন বৃত্তান্ত সম্বলিত শোক প্রস্তাব সংসদে পাঠ করা হয়। শোক প্রস্তাবের তালিকায় থাকা উল্লেখযোগ্য ব্যক্তিদের মধ্যে রয়েছেন, মতিয়া চৌধুরী, মেজর জেনারেল (অব.) কে এম সফিউল্লাহ, আবদুল্লাহ আল নোমান, মোস্তফা মোহসীন মন্টু, আব্দুল করিম খন্দকার এবং রমেশ চন্দ্র সেনসহ ৩১ জন বরেণ্য রাজনৈতিক ব্যক্তিত্ব। শোক প্রস্তাব উত্থাপনের পর প্রয়াতদের আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করে সংসদে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। এরপর শোক প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সংসদ সচিবালয় থেকে জানানো হয়েছে, এই শোক প্রস্তাবের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তিদের পরিবারের কাছে পৌঁছে দেওয়া হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ আসাদ)

### জাতীয় সংসদের স্পিকার হলেন মেজর হাফিজ

ত্রয়োদশ জাতীয় সংসদের স্পিকার নির্বাচিত হয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম। বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে তার নাম প্রস্তাব করা হয়। স্পিকার পদে মাত্র একটি মনোনয়ন পড়েছিল। পবিত্র কোরআন তিলাওয়াতের পর বৃহস্পতিবার বেলা সোয়া ১১টার কিছু আগে বক্তব্য শুরু করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। জাতীয় সংসদে স্পিকার পদে নির্বাচনের জন্য একটি মাত্র মনোনয়ন পান বলে জানান সভাপতি খন্দকার মোশাররফ হোসেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ আসাদ)

### ডেপুটি স্পিকার হলেন ব্যারিস্টার কায়সার কামাল

ত্রয়োদশ জাতীয় সংসদের ডেপুটি স্পিকার নির্বাচিত হয়েছেন নেত্রকোণা-১ আসনের সংসদ সদস্য ভূমি প্রতিমন্ত্রী ব্যারিস্টার কায়সার কামাল। বৃহস্পতিবার জাতীয় সংসদ ভবনের সংসদ কক্ষে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে তার নাম প্রস্তাব করা হয়। পরে সংসদ সদস্যরা এই প্রস্তাবে সমর্থন করেন। ব্যারিস্টার কায়সার কামাল ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নেত্রকোণা-১ (কলমাকান্দা-দুর্গাপুর) আসনে ৭২ হাজার ভোটের ব্যবধানে জয়ী হন (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬)

### স্পিকার-ডেপুটি স্পিকারকে শপথ পড়ালেন রাষ্ট্রপতি

ত্রয়োদশ জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম ও ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালকে শপথ পড়িয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। বৃহস্পতিবার জাতীয় সংসদের প্রথম অধিবেশনে স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন অনুষ্ঠিত হয়। এরপর হাফিজ উদ্দিন আহমদ ও ব্যারিস্টার কায়সার কামালকে শপথ বাক্য পাঠ পড়ান রাষ্ট্রপতি। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ আসাদ)

## মন্ত্রী হলেন আহমেদ আযম খান

টাঙ্গাইল-৮ (বাসাইল-সখিপুর) আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট আহমেদ আযম খান মন্ত্রীর দায়িত্ব পেয়েছেন। বৃহস্পতিবার জাতীয় সংসদ ভবনে তাকে মন্ত্রী হিসেবে শপথ পাঠ করিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। বিএনপির ভাইস চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন অ্যাডভোকেট আহমেদ আজম খান।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ আসাদ)

## ডেপুটি স্পিকার পদ নেয়নি জামায়াত

সরকারি দলের পক্ষ থেকে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিরোধী দল জামায়াত থেকে একজন ডেপুটি স্পিকার নেওয়ার আহ্বান জানালেও, সংসদের প্রথম অধিবেশনে দেখা গেছে, ডেপুটি স্পিকার পদটিও সরকারদলীয় সংসদ সদস্যের মধ্য থেকেই একজন পেয়েছেন। বিরোধী দল থেকে কারও নাম প্রস্তাব না করায় এমনটা হয়েছে বলে জানা গেছে। বৃহস্পতিবার জাতীয় সংসদ ভবনের সংসদ কক্ষে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে স্পিকার নির্বাচিত হন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ (বীরবিক্রম)। এরপর ডেপুটি স্পিকার নির্বাচিত হন নেত্রকোণা-১ আসনের সংসদ সদস্য ভূমি প্রতিমন্ত্রী ব্যারিস্টার কায়সার কামাল।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ আসাদ)

## হাসপাতালে মীর্জা আব্বাস

প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য মীর্জা আব্বাসকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়েছে। বুধবার ইফতারি পানি পান করার সময় হঠাৎ জ্ঞান হারিয়ে ফেলেন মীর্জা আব্বাস। অবস্থার উন্নতি না হলে গভীর রাতে তাকে হাসপাতালে ভর্তি করা হয়। মীর্জা আব্বাসের সহধর্মিণী ও জাতীয়তাবাদী মহিলা দলের সভানেত্রী আফরোজা আব্বাস তার স্বামীর সুস্থতা কামনায় দেশবাসীর দোয়া কামনা করেছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ আসাদ)

## রাষ্ট্রপতির ভাষণে বাধা দেওয়ার আহ্বান আসিফ মাহমুদের

জাতীয় সংসদের প্রথম অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণ ঠেকাতে এবং তার অভিশংসনের দাবি তুলতে সংসদ সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। বৃহস্পতিবার সকালে রাজধানীর জাতীয় সংসদ ভবন-সংলগ্ন মানিক মিয়া অ্যাভিনিউতে আয়োজিত এক অবস্থান কর্মসূচিতে তিনি এ আহ্বান জানান। গণভোট অনুযায়ী রাষ্ট্র সংস্কার বাস্তবায়ন, রাষ্ট্রপতির অভিশংসন এবং জুলাই গণহত্যার বিচার দাবিতে ‘জুলাই গণ-অভ্যুত্থানে শহিদ ও আহতদের পরিবার’ ব্যানারে এ কর্মসূচির আয়োজন করা হয়। কর্মসূচিতে বক্তব্য দিতে গিয়ে আসিফ মাহমুদ বলেন, রাষ্ট্রপতির বক্তব্যের সময় সংসদে কারা উপস্থিত থাকবেন এবং সেই বক্তব্য শুনবেন, সেটিই এখন গুরুত্বপূর্ণ বিষয়। তার মতে, এখান থেকেই স্পষ্ট হবে দেশে কারা ফ্যাসিবাদের পক্ষে এবং কারা এর বিপক্ষে অবস্থান করছেন। তিনি বলেন, যারা ফ্যাসিবাদের বিরুদ্ধে, তাদের উচিত রাষ্ট্রপতিকে সংসদে বক্তব্য দেওয়ার সুযোগ না দেওয়া এবং অভিশংসনের দাবি উত্থাপন করা। তিনি আরও বলেন, সংবিধান সংস্কার পরিষদের শপথগ্রহণ করে গণভোটে জনগণের দেওয়া রায়ের ভিত্তিতে এবং জুলাই সনদের আলোকে রাষ্ট্র সংস্কার দ্রুত বাস্তবায়ন করতে হবে। জুলাই গণ-অভ্যুত্থানে শহিদ ও আহতদের পরিবার দীর্ঘদিন ধরে কষ্টের মধ্যে জীবন-যাপন করছে উল্লেখ করে তিনি বলেন, যারা এ ঘটনার জন্য দায়ী, তাদের বিচার নিশ্চিত করা জরুরি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ আসাদ)

## ত্রয়োদশ সংসদের কার্যক্রম দেখতে দেশবাসী মুখিয়ে আছে : স্পিকার

ত্রয়োদশ সংসদের কার্যক্রম দেখতে দেশবাসী মুখিয়ে আছে বলে মন্তব্য করেছেন স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ (বীর বিক্রম)। বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে দেওয়া বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্পিকার বলেন, এই সংসদে গণতন্ত্রের ক্রমবিকাশ আমরা লক্ষ্য করেছি। তারপরও গণতন্ত্র বারবার বাধাগ্রস্ত হয়েছে। বারবার স্বৈরশাসকের আবির্ভাব হয়েছিল। তিনি বলেন, ৫ আগস্ট ফ্যাসিস্ট সরকারকে বিতাড়িত করেছি। শহিদ আবু সাঈদ ও মুগ্ধ শহিদ হয়েছে। আমি ১০টি জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিয়েছি। তবে এবারের ত্রয়োদশ সংসদের কার্যক্রম দেখতে দেশবাসী মুখিয়ে আছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ আসাদ)

## সংসদ যেন চরিত্র হননের কেন্দ্র না হয় : বিরোধীদলীয় নেতা

জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, জাতীয় সংসদ যেন কোনোভাবেই ব্যক্তিগত চরিত্র হননের কেন্দ্রে পরিণত না হয়, বরং এটি জনকল্যাণ ও দেশের গুরুত্বপূর্ণ ইস্যু নিয়ে গঠনমূলক আলোচনার স্থান হওয়া উচিত। তিনি বলেন, “২৪ জুলাইয়ের রক্তের ওপর দাঁড়িয়ে আজকের এই সংসদ গঠিত হয়েছে। তাই সরকারবিরোধী ভেদাভেদ নয়, স্পিকারের কাছে আমরা সবার জন্য সুবিচার প্রত্যাশা করি।” বৃহস্পতিবার জাতীয় সংসদে শুভেচ্ছা বক্তব্যে তিনি এসব কথা বলেন। জাতীয় সংসদে শুভেচ্ছা বক্তব্যে তিনি বলেন, বর্তমান সংসদ সাধারণ কোনো সংসদ নয়, বরং এটি অনেক ত্যাগ ও রক্তের ওপর দাঁড়িয়ে গঠিত একটি সংসদ। বক্তব্যের শুরুতে তিনি দেশের বিভিন্ন আন্দোলন ও সময়ের শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানান। শফিকুর রহমান বলেন, ১৯৫২, ১৯৭১, ৯০-এর গণ-

আন্দোলন এবং শাপলা চত্বরসহ বিভিন্ন সময়ের আন্দোলনে যারা শহিদ হয়েছেন, নির্যাতিত হয়েছেন, আহত বা পঙ্গু হয়েছেন, তাদের প্রতি তিনি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশ করছেন। তিনি বলেন, ফ্যাসিস্ট আমলে যারা নির্যাতনের শিকার হয়ে পৃথিবী থেকে বিদায় নিয়েছেন, যারা আহত হয়েছেন, পঙ্গু হয়েছেন কিংবা আয়না ঘরের বন্দি হয়েছেন, তাদের সবার প্রতি আমরা গভীর শ্রদ্ধা জানাই। বিশেষভাবে ২৪-এর জুলাইয়ে যারা বুক চিতিয়ে লড়াই করে আজকের এই সংসদ গঠনের সুযোগ করে দিয়েছেন, তাদের স্মরণ করছি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ আসাদ)আসাদ)

## দেশে গত দেড় দশকে ফ্যাসিবাদী শাসন চলেছে : রাষ্ট্রপতি

দীর্ঘ দেড় দশকের ফ্যাসিবাদী শাসনের অবসানের পর ২০২৪ সালের জুলাই-আগস্টের ছাত্রজনতার গণ-অভ্যুত্থানকে বাংলাদেশের ইতিহাসে এক অনন্য মাইলফলক হিসেবে অভিহিত করেছেন রাষ্ট্রপতি। তিনি বলেছেন, হাজারো শহিদের রক্তের বিনিময়ে তাঁবেদার ও ফ্যাসিবাদমুক্ত নতুন এক গণতান্ত্রিক বাংলাদেশের সূচনা হয়েছে। দেড় দশক এ দেশে ফ্যাসিবাদী শাসন চলেছে। বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদ অধিবেশনে দেওয়া ভাষণে রাষ্ট্রপতি এসব কথা বলেন। তিনি নবনির্বাচিত প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে গঠিত নতুন সরকারকে আন্তরিক অভিনন্দন জানান। রাষ্ট্রপতি তার ভাষণে জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থানে শহিদ ও আহতদের গভীর কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন। তিনি বলেন, গত দেড় দশকে এই দেশে ফ্যাসিবাদী শাসন চলেছে। এই আন্দোলনে প্রায় ৩০ হাজার মানুষ আহত ও পঙ্গু হয়েছেন, পাঁচ শতাধিক মানুষ তাদের দৃষ্টিশক্তি হারিয়েছেন। সরকার আহতদের চিকিৎসা নিশ্চিত করতে ১২ হাজার ৪৩টি স্বাস্থ্য কার্ড দিয়েছে এবং গুরুতর আহত ১৩৭ জনকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে পাঠিয়েছে। তিনি আরও জানান, শহিদদের স্মৃতি রক্ষার্থে ৬৪ জেলায় স্মৃতিস্তম্ভ এবং ঢাকায় জুলাই অভ্যুত্থান স্মৃতি জাদুঘর স্থাপনের কাজ চলমান। রাষ্ট্রপতি বলেন, একটি শান্তিপূর্ণ, অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে আজ এই মহান সংসদের যাত্রা শুরু হয়েছে। বিএনপি চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে এই নির্বাচনে জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ গণতন্ত্রের ইতিহাসে উজ্জ্বল দৃষ্টান্ত হয়ে থাকবে। তিনি সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার অবদান স্মরণ করে বলেন, তিনি দেশে সংসদীয় গণতন্ত্র প্রতিষ্ঠা ও সুরক্ষায় আপোশহীন নেতৃত্ব দিয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.১০২৬ আসাদ)

## রাষ্ট্রপতির ভাষণে হাসিমুখে টেবিল চাপড়ে প্রধানমন্ত্রীর অভিনন্দন

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণ চলাকালীন টেবিল চাপড়ে অভিনন্দন জানিয়েছেন বিএনপির সংসদ সদস্যরা। প্রধানমন্ত্রী তারেক রহমান, বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ সরকারদলীয় সংসদ সদস্যরা হাসিমুখে রাষ্ট্রপতির বক্তব্যের শুরুতেই অভিনন্দন জানান। বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদ অধিবেশনের প্রথম দিনই এই চিত্র দেখা গেছে। বিএনপির নেতারা রাষ্ট্রপতির ভাষণে সরকারের দুই-তৃতীয়াংশ গঠনসংক্রান্ত সাফল্যকে স্বাগত জানান এবং সংসদে স্বাচ্ছন্দ্য ও আন্তরিক মনোভাব প্রকাশ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.১০২৬ আসাদ)

## সংসদ অধিবেশন ১৫ মার্চ পর্যন্ত মুলতবি

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আগামী ১৫ মার্চ রোববার বেলা ১১টা পর্যন্ত মুলতবি ঘোষণা করা হয়েছে। বৃহস্পতিবার রাষ্ট্রপতির ভাষণ শেষে এ মুলতবি ঘোষণা করেন স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম। সংবিধান অনুযায়ী, ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে ভাষণ দেন রাষ্ট্রপতি। তার ভাষণ শেষে সংসদ অধিবেশনের মুলতবি ঘোষণা করেন স্পিকার। আগামী রোববার বেলা ১১টার পর পুনরায় সংসদ অধিবেশন শুরু হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.১০২৬ আসাদ)

## বাগেরহাটে বাস-মাইক্রোবাস সংঘর্ষে নিহত ১০

বাগেরহাটের রামপালে বাস ও মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে ১০ জন নিহত হয়েছেন বলে খবর পাওয়া গেছে। এদের মধ্যে ছয়জনের মরদেহ খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। এ ঘটনায় আহত হয়েছেন আরও অনেকে। বৃহস্পতিবার বিকেলে এ দুর্ঘটনা ঘটে। তাৎক্ষণিকভাবে হতাহতদের নাম-পরিচয় জানা যায়নি। খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতাল এবং রামপাল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সূত্রে নিহতের বিষয়টি নিশ্চিত হওয়া গেছে। রামপাল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুকান্ত কুমার পাল বলেন, হাসপাতালে শিশুসহ চারজনকে নিয়ে আসা হয়। এখানে আসার আগেই তাদের মৃত্যু হয়েছে। মরদেহ এখন হাসপাতালে আছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.১০২৬ আসাদ)

## ঈদের আগেই বোনাস পাচ্ছেন ৪ লাখ এমপিও শিক্ষক-কর্মচারী

ঈদের আগেই বোনাস বা উৎসব ভাতা দেওয়ার কথা। কিন্তু দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত প্রায় চার লাখ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা অধিকাংশ ক্ষেত্রে তা পেতেন ঈদের পর। এবারও ঈদের আগে বোনাস পাবেন কি না, তা নিয়ে সংশয়ে ছিলেন শিক্ষক-কর্মচারীরা। শিক্ষকদের উদ্বেগ নিয়ে গণমাধ্যমে সংবাদও প্রকাশ হয়। এরপর বিষয়টি গুরুত্ব সহকারে দেখেছে বিএনপি সরকার। এরই মধ্যে ঈদ বোনাসের প্রস্তাবে অনুমোদন দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

ফলে ঈদের আগেই এবার 'ঈদ বোনাস' পাচ্ছেন এমপিওভুক্ত ৪ লাখেরও বেশি শিক্ষক-কর্মচারীরা। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) সূত্র জানায়, মঙ্গলবার শিক্ষক-কর্মচারীদের ঈদ বোনাসের প্রস্তাবে অনুমোদন দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এরপর তা আইবাস ডাবল প্লাস সফটওয়্যারে ইলেকট্রনিকস ফান্ড ট্রান্সফারের জন্য পাঠানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.১০২৬ আসাদ)

## যুদ্ধাপরাধে দণ্ডিত সাতজনের নামে শোক জানালো সংসদ

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনে তোলা শোক প্রস্তাবে যুক্ত করা হয়েছে একাত্তরের যুদ্ধাপরাধে দণ্ডিত সাতজনের নাম। এদের মধ্যে জামায়াতে ইসলামীর ছয়জন এবং বিএনপির একজন। বৃহস্পতিবার (১২ মার্চ) অধিবেশনের প্রথম দিন স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচনের পর সংক্ষিপ্ত বিরতি শেষে রেওয়াজ অনুযায়ী শোক প্রস্তাব উত্থাপন করা হয়। এসময় জামায়াতে ইসলামীর সাবেক আমির মতিউর রহমান নিজামী, সাবেক সেক্রেটারি জেনারেল আলী আহসান মোহাম্মদ মুজাহিদ, সাবেক সহকারী সেক্রেটারি জেনারেল আব্দুল কাদের মোল্লা, সাবেক সহকারী সেক্রেটারি জেনারেল মুহাম্মদ কামারুজ্জামান, সাবেক শুরা সদস্য মীর কাসেম আলী, সাবেক নায়েবে আমির দেলাওয়ার হোসাইন সাঈদীর নাম শোক প্রস্তাবে যুক্ত করার প্রস্তাব ওঠে। পরে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ সেগুলো অন্তর্ভুক্ত করার কথা জানান। তিনি বিএনপির সাবেক এমপি ও স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন কাদের চৌধুরীর নামও যুক্ত করে নেন। সংসদে আলোচনা শেষে শোক প্রস্তাব গৃহীত হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ রিহাব)

## সমুদ্রপথে জ্বালানিবাহী জাহাজের নিরাপত্তা জোরদার করেছে নৌবাহিনী

দেশের সমুদ্রসীমা ও সমুদ্রপথে জ্বালানিবাহী জাহাজের নিরাপত্তা নিশ্চিত করতে টহল ও নজরদারি জোরদার করেছে বাংলাদেশ নৌবাহিনী। আন্তর্জাতিক ও আঞ্চলিক নিরাপত্তা পরিস্থিতি বিবেচনায় নিয়ে এই অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বৃহস্পতিবার (১২ মার্চ) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এ তথ্য জানায়। আইএসপিআর জানায়, দেশের আমদানি-রপ্তানি কার্যক্রম সচল রাখতে সমুদ্রপথে চলাচলকারী বাণিজ্যিক জাহাজের নিরাপত্তা নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে এলএনজি, এলপিজি, পেট্রোল, ডিজেল ও জেট ফুয়েলসহ বিভিন্ন ধরনের জ্বালানি পরিবহণকারী জাহাজ দেশের জ্বালানি সরবরাহ ব্যবস্থার মূল অংশ। এসব জ্বালানির প্রধান উৎস ক্রুড অয়েলবাহী জাহাজ, যেগুলোর নিরাপত্তা নিশ্চিত করতে নৌবাহিনী সার্বক্ষণিক দায়িত্ব পালন করছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ রিহাব)

## সংসদে ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি অধ্যাদেশ উত্থাপন

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনেই ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি অধ্যাদেশ-২০২৬ উত্থাপিত হয়েছে। বৃহস্পতিবার (১২ মার্চ) আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী ব্যারিস্টার মো. আসাদুজ্জামান এ অধ্যাদেশ উত্থাপন করেন। এ সময় রাষ্ট্রপতির জারি করা মোট ১৩৩টি অধ্যাদেশ সংসদে উত্থাপন করেন তিনি। দিনের কার্যসূচি অনুযায়ী, আইনমন্ত্রী রাষ্ট্রপতির জারি করা অধ্যাদেশ সংসদে উত্থাপন করেন। অধিবেশনে স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন, সভাপতিমণ্ডলী মনোনয়ন, শোক প্রস্তাব গ্রহণ ও আলোচনার পর ১৩৩টি অধ্যাদেশ উপস্থাপন করা হয়। আইন, বিচার ও সংসদ বিষয়কমন্ত্রী মো. আসাদুজ্জামান সংবিধানের ৯৩(২) অনুচ্ছেদ অনুযায়ী, ১৩৩টি অধ্যাদেশ সংসদে উপস্থাপন করেন। গত ২২ জানুয়ারি অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদের বৈঠকে ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি অধ্যাদেশ অনুমোদিত হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ রিহাব)

## ঢাকা-১০ আসনের ব্যালট সংরক্ষণে হাইকোর্টের নির্দেশ

ভোটের ফল চ্যালেঞ্জ করে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-১০ আসনের বাংলাদেশ জামায়াতে ইসলামীর সংসদ সদস্য প্রার্থী মো. জসিম উদ্দিন সরকারের আবেদন শুনানির জন্য গ্রহণ করেছেন হাইকোর্ট। একইসঙ্গে ওই আসনের ব্যালটসহ প্রয়োজনীয় সরঞ্জামাদি সংরক্ষণের নির্দেশ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (১২ মার্চ) হাইকোর্টের বিচারপতি মো. জাকির হোসেনের একক বেঞ্চ এ আদেশ দেন। আদালতে এদিন পিটিশনার পক্ষে শুনানি করেন সিনিয়র অ্যাডভোকেট ব্যারিস্টার বেলায়েত হোসেন। তাকে সহযোগিতা করেন অ্যাডভোকেট মো. মাহমুদুল হাসান ও অ্যাডভোকেট শুভ সত্ত্ব রফিক প্রমুখ। এ আসনে জয়ী হয়েছিলেন বিএনপি নেতা শেখ রবিউল আলম। এর আগে, ১১ মার্চ ঢাকা-১০ আসনের জামায়াতের সংসদ সদস্য প্রার্থী জসিম উদ্দিন সরকার ত্রয়োদশ জাতীয় সংসদীয় নির্বাচনে অনিয়ম, ব্যালট পেপার গণনায় জালিয়াতি, পোলিং এজেন্টদের অবৈধ বাধা দেওয়ার অভিযোগ এনে হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় ইলেকশন পিটিশন দায়ের করেন। প্রাথমিক গণনায় এগিয়ে থাকলেও, পরবর্তীতে বেআইনি কর্মকাণ্ডের আশ্রয় নিয়ে অন্যায়ভাবে তাকে হারিয়ে দেওয়া হয়েছে বলে অভিযোগ করা হয়। এ সংক্রান্ত আবেদনটি গ্রহণ করে ব্যালট পেপার, রেজাল্ট শিট এবং অন্যান্য গুরুত্বপূর্ণ আলামত সংরক্ষণের জন্য নির্দেশ দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ রিহাব)

## নীলফামারী-২ আসনের ব্যালট সংরক্ষণের নির্দেশ

ভোটের ফল চ্যালেঞ্জ করে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে নীলফামারী-২ আসনের বিএনপির প্রার্থী শাহরিন ইসলামের আবেদন শুনানির জন্য গ্রহণ করেছেন হাইকোর্ট। একইসঙ্গে ওই আসনের ব্যালটসহ প্রয়োজনীয় সরঞ্জামাদি সংরক্ষণের নির্দেশ দিয়েছেন। বৃহস্পতিবার (১২ মার্চ) হাইকোর্টের বিচারপতি মো. জাকির হোসেনের একক বেঞ্চ এ আদেশ দেন। এ আসনে জয়ী হয়েছেন জামায়াতের আল ফারুক আব্দুল লতিফ। এর আগে, ৩০-এর বেশি প্রার্থী হাইকোর্টে আবেদন করেছিলেন। শুনানির জন্য আবেদনগুলো গ্রহণ করে ওইসব আসনের ব্যালটসহ প্রয়োজনীয় সরঞ্জামাদি সংরক্ষণের নির্দেশ দেন হাইকোর্ট। গণপ্রতিনিধিত্ব অধ্যাদেশের ৪৯ ধারা অনুযায়ী, নির্বাচনি অনিয়মের বিরুদ্ধে 'নির্বাচনি' আবেদনপত্র শুনানির জন্য হাইকোর্টে নির্বাচনি ট্রাইব্যুনাল গঠন করা হয়। হাইকোর্টের বিচারপতি মো. জাকির হোসেনের নেতৃত্বাধীন একক বেঞ্চ এসব আবেদনের ওপর শুনানি গ্রহণ করছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ রিহাব)

## ফ্যাসিবাদী আমলে আইন-শৃঙ্খলা বাহিনীকে দলীয় বাহিনী করা হয় : রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বলেছেন, বিতাড়িত ফ্যাসিবাদী শাসনামলে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে দলীয় বাহিনী হিসেবে ব্যবহার করা হয়েছিল। বর্তমান সরকার আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সম্পূর্ণ পেশাদার, আধুনিক এবং দক্ষ বাহিনী হিসেবে গড়ে তুলতে বদ্ধপরিকর। বৃহস্পতিবার (১২ মার্চ) বিকেলে ত্রয়োদশ জাতীয় সংসদ অধিবেশনে দেওয়া ভাষণে এ কথা বলেন রাষ্ট্রপতি। তিনি নবনির্বাচিত প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে গঠিত নতুন সরকারকে আন্তরিক অভিনন্দন জানান। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সম্পর্কে রাষ্ট্রপতি বলেন, জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানের পর বাংলাদেশ পুলিশের সার্বিক সংস্কারের জন্য অন্তর্বর্তী সরকার গত বছরের ৯ ডিসেম্বর 'পুলিশ সংস্কার কমিশন' গঠন করে। বর্তমান সরকার আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সম্পূর্ণ পেশাদার, আধুনিক এবং দক্ষ বাহিনী হিসেবে গড়ে তুলতে বদ্ধপরিকর। সেবাবান্ধব পুলিশ গঠন, পুলিশের নৈতিক মনোবল পুনর্গঠন, অনলাইন অভিযোগ দায়ের ব্যবস্থা সম্প্রসারণ এবং পুলিশ কমিশন অধ্যাদেশ পুনঃনিরীক্ষণ করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ রিহাব)

## মীর্জা আব্বাসকে দেখতে গেলেন জামায়াত আমির

বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও বিএনপি চেয়ারম্যানের রাজনৈতিক উপদেষ্টা মীর্জা আব্বাসকে দেখতে গেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। বৃহস্পতিবার (১২ মার্চ) রাতে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন মীর্জা আব্বাসকে দেখতে যান তিনি। এ সময় তিনি মীর্জা আব্বাসের স্ত্রীর নিকট তার শারীরিক অবস্থা ও চলমান চিকিৎসার খোঁজ-খবর নেন এবং মহান রবের নিকট আশু আরোগ্য কামনা করেন। এ সময় জামায়াত আমিরের সঙ্গে ছিলেন ঢাকা মহানগর উত্তর জামায়াতের মেডিক্যাল থানার সভাপতি ডা. এস এম খালিদুজ্জামান। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে 'এস ড্রাইভ' অভিযানে গ্রেফতার ৩৪, মাদক উদ্ধার

চট্টগ্রাম মহানগর পুলিশের (সিএমপি) বিভিন্ন থানা এলাকায় পরিচালিত 'এস ড্রাইভ' অভিযানে মাদক, ছিনতাই, চাঁদাবাজি ও জুয়ার অভিযোগে ৩৪ জনকে গ্রেফতার করা হয়েছে। অভিযানে ইয়াবা ও গাজা উদ্ধার করা হয়। বৃহস্পতিবার (১২ মার্চ) মহানগরের বিভিন্ন থানা এলাকায় পরিচালিত এ অভিযানে মোট ১৩৮ পিস ইয়াবা ট্যাবলেট ও ৮৫ পুরিয়া গাজা উদ্ধার করা হয়। পুলিশ জানায়, মাদক, ছিনতাই, চাঁদাবাজি ও জুয়ার মতো অপরাধ প্রতিরোধে চট্টগ্রাম মহানগরের সব থানায় একযোগে এ অভিযান চালানো হয়। অভিযানে মাদকদ্রব্য উদ্ধারের ঘটনায় ১৮ জনকে গ্রেফতার করা হয়েছে। এছাড়া ছিনতাইয়ের অভিযোগে ৪ জন, চাঁদাবাজির অভিযোগে ২ জন এবং জুয়ার অভিযোগে ১০ জনকে গ্রেফতার করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ রিহাব)

## সেনাবাহিনী সব সময় মুক্তিযোদ্ধাদের পাশে থাকবে : সেনাপ্রধান

সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান বলেছেন, মুক্তিযোদ্ধারা জাতির শ্রেষ্ঠ সন্তান। আমরা সব সময় আপনাদের নিয়ে গর্ব করি। সেনাবাহিনী সব সময় মুক্তিযোদ্ধাদের পাশে থাকবে। বৃহস্পতিবার (১২ মার্চ) সন্ধ্যায় ঢাকা সেনানিবাসস্থ সেনামালঞ্চে সেনাবাহিনীর আয়োজনে মহান স্বাধীনতা যুদ্ধের বীর সেনানী যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের সম্মানে ইফতার ও নৈশভোজ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সেনাপ্রধান বলেন, মুক্তিযোদ্ধারা জাতির শ্রেষ্ঠ সন্তান। আমরা সব সময় আপনাদের নিয়ে গর্ব করি। আপনারা শুধু মুক্তিযুদ্ধই করেননি, আপনারা সেনাবাহিনীকে গঠন করেছেন। আজ সেনাবাহিনী যে পর্যায়ে, তা মুক্তিযোদ্ধাদের অবদান। সেনাবাহিনী সব সময় মুক্তিযোদ্ধাদের পাশে থাকবে। তিনি বলেন, গত ১৮ মাস ধরে আমরা বিশেষ সময় পার করেছি। সেনাবাহিনী দেশের শান্তি-শৃঙ্খলা রক্ষার কাজে নিয়োজিত ছিল এবং সেনাবাহিনী অত্যন্ত সুশৃঙ্খল ছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ রিহাব)

## ঈদ উপহার পেলেন আনসার-ভিডিপির ২৯ হাজার সদস্য ও কর্মচারী

ঈদুল ফিতর উপলক্ষ্যে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী তাদের ভাতাভোগী সদস্য ও কর্মচারীদের জন্য ঈদ উপহারসামগ্রী বিতরণ কার্যক্রমের আয়োজন করেছে। সদস্যদের কল্যাণ ও পারস্পরিক সম্প্রীতি জোরদার করার লক্ষ্যে গৃহীত এ উদ্যোগের সমাপনী অনুষ্ঠান বৃহস্পতিবার (১২ মার্চ) রাজধানীর খিলগাঁওস্থ বাহিনীর সদর দপ্তরে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাহিনীর মহাপরিচালক মেজর জেনারেল আবদুল মোতালেব সাজ্জাদ

মাহমুদ। এই উদ্যোগের আওতায় দেশের ৬৪ জেলার ভাতাভোগী সদস্য-সদস্যা এবং চতুর্থ শ্রেণির কর্মচারীসহ মোট ২৯ হাজার ৩৭ জনের মধ্যে ঈদ উপহারসামগ্রী বিতরণ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ রিহাব)

**শিক্ষা প্রতিষ্ঠানে 'অশিক্ষিত' মানুষের খবরদারি মেনে নেবো না**

শিক্ষা প্রতিষ্ঠানে 'অশিক্ষিত' মানুষের খবরদারি কোনোভাবেই মেনে নেবেন না বলে জানিয়েছেন এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোটের সদস্যসচিব অধ্যক্ষ দেলোয়ার হোসেন আজিজী। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি বা ম্যানেজিং কমিটির সভাপতির শিক্ষাগত যোগ্যতা তুলে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হলে আন্দোলনের হুঁশিয়ারিও দেন তিনি। বৃহস্পতিবার (১২ মার্চ) ফেসবুকে দেওয়া এক পোস্টে এ কথা বলেন অধ্যক্ষ দেলোয়ার হোসেন আজিজী। দেলোয়ার হোসেন আজিজী লিখেছেন, গভর্নিং বডি বা ম্যানেজিং কমিটির সভাপতির শিক্ষাগত যোগ্যতা তুলে দেওয়ার চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হলে এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোট আন্দোলনের কর্মসূচি ঘোষণা করতে বাধ্য হবে। তিনি লেখেন, 'আমরা শিক্ষাপ্রতিষ্ঠানে অশিক্ষিত মানুষের খবরদারি কোনোভাবেই মেনে নেবো না। সংশ্লিষ্ট সবার শুভবুদ্ধির উদয় হোক।' (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ রিহাব)

**সরকারি বাংলা কলেজসহ এইচএসসি পরীক্ষার ১৪ কেন্দ্র বাতিল**

এইচএসসি পরীক্ষার জন্য নির্ধারিত ১৪টি কেন্দ্র বাতিল করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। এর মধ্যে সরকারি বাংলা কলেজসহ বোর্ডের অধীন ঢাকা, নারায়ণগঞ্জ, নরসিংদী, টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ি ও কিশোরগঞ্জ জেলার কেন্দ্র রয়েছে। বৃহস্পতিবার (১২ মার্চ) ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দারের সই করা এক চিঠিতে এ তথ্য জানানো হয়। এতে উল্লেখ করা হয়, ২০২৬ সালে অনুষ্ঠেয় এইচএসসি পরীক্ষার ১৪টি কেন্দ্র বাতিল করা হয়েছে। এর মধ্যে কিছু কেন্দ্র ওই প্রতিষ্ঠানের আবেদনের ভিত্তিতে, কিছু পরীক্ষার্থী স্বল্পতা এবং জেলা প্রশাসকের সুপারিশে বাতিল করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১২.০৩.২০২৬ রিহাব)

# BBC

**IRAN WILL 'AVENGE' CITIZENS KILLED IN WAR: MOJTABA KHAMENEI**

Mojtaba Khamenei says Iran will not hesitate to "avenge the blood of Iranians" who have been killed. He says this is especially true in the case in Minab, where a US strike near a school killed 168 people, including around 110 children. Iran says the school was hit by a US missile, but the US has denied responsibility while it investigates.
(BBC News Web Page: 12/03/26, FARUK)

**IRAN SHOULD CONTINUE TARGETING STRAIT OF HORMUZ: M KHAMENEI**

The message from Iran's new leader Mojtaba Khamenei is being read by a presenter on Iranian state TV. In comments translated by BBC Persian, Khamenei says that the "level of blocking the Strait of Hormuz" should still be used by Iran. He then says that Iran has a policy of "friendship" with neighbouring countries, but advised them to close American bases, which he says Iran will continue to target. (BBC News Web Page: 12/03/26, FARUK)

**US NAVY 'NOT READY' TO ESCORT TANKERS ACROSS STRAIT OF HORMUZ**

US Energy Secretary Chris Wright says that his country's navy is not ready to escort oil tankers through the Strait of Hormuz. He wasn't saying that on Tuesday. In fact, 48 hours ago, he declared on social media that the US Navy had successfully escorted a tanker through the key waterway. Oil prices dropped at the good news, only for the tweet to disappear minutes later before the White House confirmed that no, the navy had not accompanied a vessel carrying oil through the strait. And oil prices shot up again.
(BBC News Web Page: 12/03/26, FARUK)

**IRANIAN FORCES ATTACKED US-OWNED SHIP IN GULF: STATE MEDIA REPORTS**

The Islamic Revolutionary Guard Corps (IRGC) was responsible for an attack on a US-owned vessel in the Gulf on Thursday morning, Iran's semi-official Fars news agency reports. Fars, which is affiliated to the IRGC, says the American vessel was hit this morning in the north of the Gulf. Two oil tankers were struck near Basra, in Iraqi waters. One of them, the Safesea Vishnu, is US-owned and sails under the Marshall Islands flag. Indian authorities earlier said the Safesea Vishnu was struck by a "white-coloured unmanned speed boat carrying explosives" which "rammed into it, resulting in a major fire onboard". One person was killed and the rest of the crew were rescued. Fars says the ship "failed to comply" with warnings from the IRGC. (BBC News Web Page: 12/03/26, FARUK)

**FIRST WEEK OF WAR COST US $11.3BN, MILITARY OFFICIALS TELL LAWMAKERS**

American military officials have told Congress that the first week of the war with Iran has cost the US around $11.3bn , the BBC's US partner CBS News reports. The figure is a low-end estimate and does not include the build-up costs of moving military assets ahead of the first

strike on 28 February, it says. Democratic Senator Chris Coons told reporters on Wednesday: "I expect that the total operating number is significantly above that."
(BBC News Web Page: 12/03/26, FARUK)

**IRANIAN MISSILES LAUNCHED TOWARDS ISRAEL: IDF**

The Israel Defense Forces (IDF) says it has detected Iranian missiles being launched towards its territory. "The IDF has identified that a short time ago, missiles were launched from Iran toward the territory of the State of Israel. Defence systems are operating to intercept the threat," the IDF says in a statement. (BBC News Web Page: 12/03/26, FARUK)

**MISSILE HITS ITALIAN BASE IN NORTHERN IRAQ: DEFENCE MINISTRY**

Italy's defence ministry says a missile struck an Italian base in the city of Erbil, in the semi-autonomous Kurdish region of Iraq, overnight, without causing any casualties. The ministry did not say who it believed it was behind the attack. Italy has about 300 soldiers in Erbil, training Kurdish forces. Erbil, where a US military base is also located, has been a key target of Iran's retaliatory strikes and Iranian-backed militias since Israel and the US launched a war against Iran. (BBC News Web Page: 12/03/26, FARUK)

**ISRAEL ISSUES NEW EVACUATION WARNING IN LEBANON AFTER DEADLY STRIKES**

Israel has issued an urgent warning for residents in Qasr Naba, in Lebanon's Baalbek region, to evacuate the area. The Israeli military "will attack military infrastructure belonging to the terrorist Hezbollah in the near time frame," Israel's Arab media spokesperson Avichay Adraee says. The warning comes after the Israeli military carried out a series of strikes on Beirut overnight. During this wave of strikes, it says it hit 10 Hezbollah buildings in southern Beirut. BBC's correspondent in Beirut, Wyre Davies, reported earlier that eight people had been killed in a strike on Beirut's seafront. (BBC News Web Page: 12/03/26, FARUK)

**OIL PRICE JUMPS DESPITE DEAL TO RELEASE RECORD AMOUNT OF RESERVES**

Global oil prices have risen again after three more cargo vessels were hit in the Gulf, with markets rattled about strikes on shipping and energy infrastructure. Brent crude rose by over 9% in Asian trading to top $100 a barrel before the price eased to stand at about $97.50. The jump came despite the International Energy Agency (IEA) saying on Wednesday that it will release a record 400 million barrels of oil in an attempt to curb the economic impact of the US-Israel war with Iran. The Strait of Hormuz, a key waterway for energy shipments, remains effectively closed over concerns that ships could be attacked.
(BBC News Web Page: 12/03/26, FARUK)

**WAR IN UKRAINE SPILLS INTO HUNGARIAN ELECTION CAMPAIGN**

War-torn Ukraine "will stop at nothing" to prevent Prime Minister Viktor Orban and his Fidesz party winning the upcoming Hungarian elections, the Hungarian government claims. Physical violence against the prime minister and his family, and attacks or sabotage of key energy installations, are being prepared, ministers allege. The Ukrainian government, in turn, accuses its Hungarian counterpart of whipping up a hate campaign against it to frighten Hungarians into voting Fidsz back into office. A third party is in the middle: Russia. The Financial Times reported on Wednesday morning that the Social Design Agency, a Kremlin-linked media consultancy firm, was preparing a mass disinformation campaign in Hungary, to bolster Orban and discredit the opposition Tisza Party and its leader, Peter Magyar.
(BBC News Web Page: 12/03/26, FARUK)

**EU AND UK DEMAND ISRAEL STOP SURGE IN WEST BANK SETTLER VIOLENCE SINCE IRAN WAR**

The European Union and United Kingdom have demanded that Israel halt a surge in violence by Jewish settlers against Palestinians in the Israeli-occupied West Bank that has taken place since the start of the country's war with Iran. Six Palestinians have been killed during attacks by settlers across the West Bank over the past 11 days, according to the United Nations. The UK said it was appalled by the killings, while the EU said the level of settler violence was unacceptable. Both urged Israeli authorities take action to ensure accountability and prevent further attacks. The Israeli military condemned the violence and said it was working to bring those responsible to justice.
(BBC News Web Page: 12/03/26, FARUK)

**BODIES OF TWO CHINESE BACKPACKERS FOUND IN AUSTRALIAN FLOODWATERS**

The bodies of two Chinese backpackers who went missing in floodwaters in Queensland have been recovered, Australian police have said. The 26-year-old man and 23-year-old woman, who were driving from Brisbane to the North Burnett region, were reported missing on Tuesday when they failed to reach their destination. Police said they had found their silver Subaru Forester near the town of Kilkivan near Gympie on Wednesday afternoon, after a largescale search by officers, the State Emergency Service and helicopters. On Thursday they said two bodies had been found inside the vehicle, which was submerged in floodwaters. (BBC News Web Page: 12/03/26, FARUK)

**DEATH TOLL FROM ETHIOPIA FLOODS AND LANDSLIDES RISES TO MORE THAN 60**

At least 64 people have been killed in floods and landslides triggered by heavy rains in the Gamo Zone of southern Ethiopia, local police inspector Abraham Buha says. Earlier in the week officials had put the death toll at more than 30. Dozens are still missing. The authorities reported that most people had died in highland areas, where saturated slopes gave way after days of intense rain. They urged residents in vulnerable areas to take precautions. Torrential rains have unleashed widespread flooding across East Africa in recent days. Dozens have also died in neighbouring Kenya.

(BBC News Web Page: 12/03/26, FARUK)

**SENEGAL APPROVES TOUGHER ANTI-GAY LAW AS RIGHTS GROUPS RAISE CONCERNS**

Senegal's parliament has approved a new law doubling to 10 years the maximum prison term for sexual acts by same-sex couples and criminalizing the "promotion" of homosexuality. A total of 135 MPs voted in favour, zero against and three abstained. The next step will be for the president to sign it, then it will become law. The legislation, which was a campaign promise of President Bassirou Diomaye Faye and Prime Minister Ousmane Sonko, was sent to parliament after a wave of arrests over alleged same-sex relationships, already banned under Senegalese law. The government spokesman dismissed international criticism of the bill, arguing that the move reflected the views of Senegalese people.

(BBC News Web Page: 12/03/26, FARUK)

## :: THE END ::